

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
(কর্মকর্তা-কর্মচারী) চাকুরী  
প্রবিধানমালা-২০০৫



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৩১, ২০০৬

জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ মাঘ ১৪১২/৩০ জানুয়ারি ২০০৬

এস.আর ও নং ১৩/আইন/২০০৬ — জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ আইন, ২০০০ (২০০০ সনের ২৭নং আইন) এর ধারা ২৬এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সরকারের পূর্বনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা ঋণকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরীর শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়—

(ক) “অসদাচরণ” অর্থ চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর অথবা কোন কর্মচারী বা উদ্ভাজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণকে বুঝাইবে; এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ ;

(২৯৭)

মূল্য : টাকা ১৪.০০

- (অ) কর্তব্যে গুরুতর অবহেলা ;
- (ই) কোন আইনসম্মত কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ বা উর্ধ্বতন কোন কর্মকর্তার কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন ; এবং
- (ঈ) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাস্থীন, বিরক্তিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করা;
- (খ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে পরিচালনা বোর্ড কর্তৃক মনোনীত ব্যক্তি বা কর্তৃপক্ষ;
- (গ) "কর্তৃপক্ষ" অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবার জন্য উৎকর্ষক মনোনীত কোন কর্মকর্তা; এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কর্মকর্তাও এর অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) "কর্মকর্তা" অর্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কোন কর্মকর্তা;
- (ঙ) "কর্মচারী" অর্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কোন কর্মচারী, অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (চ) "জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ" অর্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ আইন, ২০০০ (২০০০ সনের ২৭ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ;
- (ছ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার তফসিল;
- (জ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ পরিচালনা বোর্ড; এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য পরিচালনা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঝ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ঞ) "পলায়ন" অর্থ বিনা অনুমতিতে চাকুরী বা কর্মস্থল ত্যাগ করা, অথবা ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় যাবৎ কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ৩০(ত্রিশ) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা;
- (ট) "পরিচালনা বোর্ড" অর্থ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের পরিচালনা বোর্ড;
- (ঠ) "বিজ্ঞাপন" অর্থ ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্যান্য গণমাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপন;
- (ড) "শিক্ষানবিস" অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারী; এবং
- (ঢ) "সম্মানী" অর্থ মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিস্বরূপ অনাবর্তক ধরনের নগদ পুরস্কার।



## দ্বিতীয় অধ্যায়

### নিয়োগ পদ্ধতি

৩। নিয়োগ পদ্ধতি।—এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে;
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

৪। বাছাই কমিটি।—কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে পরিচালনা বোর্ড এক বা একাধিক বাছাই কমিটি গঠন করিতে পারিবে।

৫। সরাসরি নিয়োগদান।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগলাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন, বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়সসীমা তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

(৩) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যদ বা চিকিৎসা কর্মকর্তা তাঁহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্বে কার্যকলাপ যথাযথ এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োগলাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পূরণ করা হইবে এবং বিভিন্ন সময়ে এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৫) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতদুদ্দেশ্যে পরিচালনা বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে।

৬। পদোন্নতি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে;

(২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না;

(৩) জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ১৩৭৫০—১৯২৫০ ও তদুর্ধ্ব বেতনক্রমের পদসমূহে পদোন্নতি মেধা-তথা জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে;

(৪) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে পালা অতিক্রমকরতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

৭। শিক্ষানবিসি।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিসি থাকিবেন :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া যে-কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অতিরিক্ত অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বিভিন্ন সময়ে বোর্ড কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিয়া থাকেন।

## তৃতীয় অধ্যায়

### চাকুরীর সাধারণ শর্তাবলী

৮। যোগদানের সময়।—(১) অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন ; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পছন্দ ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময় ;

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনায় উদ্দেশ্যে বন্ধের দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) এর অধীনে প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলি হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পুরাতন চাকুরীস্থল, অথবা যেই স্থানে তিনি নিয়োগের বা বদলির আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যেই স্থান তাহার জন্য অধিকতর সুবিধাজনক হয় সেই স্থান হইতে তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৪) যদি কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্বর্তীকালীন সময়ে ছুটি গ্রহণ করেন, তবে তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে যে সময় অতিবাহিত হয় তাহা, মেডিকেল সার্টিফিকেট পেশ করিয়া গ্রহণ না করিলে, ছুটির অন্তর্ভুক্ত হইবে।

৯। বেতন ও ভাতা।—সরকার বিভিন্ন সময়ে যেইরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১০। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন বেতনই হইবে তাহার প্রারম্ভিক বেতন;

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ তাহাকে, সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে;

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারি করে তদনুসারে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১১। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—(১) কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণত সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।—(১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধন মঞ্জুর করা হইবে।

(২) যদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না;

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কর্তৃপক্ষ কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবেন।

(৫) যেইক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা সীমা নির্ধারিত রহিয়াছে, সেইক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহিত উপরের বেতন বৃদ্ধি অনুমোদন করা যাইবে না; এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম ছিল দক্ষতা সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত।

১৩। জ্যেষ্ঠতা।—(১) এই প্রবিধানের অন্যান্য বিধান সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাঁহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, সংশ্লিষ্ট বাছাই কমিটি তাঁহাদের মেধাতালিকা অনুসারে যেই সুপারিশ করেন সেই সুপারিশের ভিত্তিতে, নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে পদোন্নতিপ্রাপ্ত ও সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) যেইক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয়, সেইক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদের জ্যেষ্ঠতার ভিত্তিতে তাঁহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫) কর্তৃপক্ষ ইহার কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় সংশোধনসহ, প্রযোজ্য হইবে।

১৪। প্রেষণ ও পূর্বস্বত্ব।—(১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষ যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থার মধ্যে, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে কর্তৃপক্ষ এবং হাওলাত গ্রহণকারী সংস্থার মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাধীনে হাওলাত গ্রহণকারী সংস্থার অনুরূপ বা সদৃশ পদে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে :

তবে শর্ত থাকে যে কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে হাওলাত গ্রহণকারী সংস্থায় কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) কোন হাওলাত গ্রহণকারী সংস্থা, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিকট অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবে এবং অনুরোধ প্রাপ্তির পর জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাঁহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এ যাহা কিছু বলা হইয়াছে তাহা সত্ত্বেও, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্রে ছাড়া, তিন বৎসরের অধিক হইবে না;

(খ) জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চাকুরীতে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা উক্ত কর্মচারীর ভবিষ্য তহবিলে ও পেনশন তহবিল, যদি থাকে, অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সঙ্গে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে কর্তৃপক্ষ তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) 'যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে কোন আর্থিক সুবিধা ছাড়াই Next below Rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(৭) শৃংখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃপক্ষকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃংখলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ মত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর কর্তৃপক্ষ যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

### চতুর্থ অধ্যায়

### ছুটি, ইত্যাদি

১৫। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনাবেতনে অস্বাভাবিক ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগরোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারেন এবং ইহা বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) পরিচালনা বোর্ডের পূর্বানুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারেন।

১৬। পূর্ণ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত প্রতি ১১ (এগার) কার্যদিবসের জন্য ১ (এক) দিন হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ ৪ (চার) মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ ৪(চার) মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবের অন্য খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিত্সাবিনোদনের জন্য পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৭। অর্ধ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত প্রতি ১২ (বার) কার্যদিবসের জন্য ১ (এক) দিন হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ বেতনে ২ (দুই) দিনের ছুটির পরিবর্তে, ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, ১ (এক) দিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে ছুটিকে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৮। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ১২(বার) মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত, অর্ধ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) যখন কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসেন তখন তিনি পূর্বে যে ছুটি ভোগ করিয়াছেন সেই ছুটি অর্জিত না হওয়া পর্যন্ত নতুনভাবে উপ-প্রবিধান (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৯। অসাধারণ ছুটি।—(১) যদি কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে অস্বাভাবিক ছুটির জন্য আবেদন করেন, তাহা হইলে তাঁহাকে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে,—

- (ক) যেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে চাকুরী করিবেন, অথবা
- (খ) যেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা
- (গ) যে ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, সংশ্লিষ্ট কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে, ভূতাপেক্ষ কার্যকরতানহ, অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

২০। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতা ছুটি মঞ্জুর করিতে পারেন।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা ৩ (তিন) মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি অনুরূপ অক্ষমতার কারণে অবিলম্বে কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া চিকিৎসা পরিষদ প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে, এবং চিকিৎসা পরিষদের প্রত্যয়ন ব্যতিরেকে তাহা বর্ধিত করা হইবে না; এবং উক্ত ছুটি কোনক্রমেই ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে অনুরূপ ছুটির পরিমাণ ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষমতার কারণে মঞ্জুর করা যাবে।

(৬) শুধুমাত্র আনুতোষিকের এবং যেইক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয় সেইক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময়ে বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম ৪ (চার) মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকিবহির্ভূত অনুপস্থতা বা জখম বাড়াইয়া জেলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতার দরুন অক্ষম হইয়াছেন।

২১। সঙ্গরোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক বাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সঙ্গরোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অনূর্ধ্ব ২১(একুশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০(ত্রিশ) দিনের জন্য সঙ্গরোধ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৩) সঙ্গরোধের জন্য উপ-প্রবিধান (২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তানুসারে, এই প্রবিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যবিধ ছুটির সহিত সঙ্গরোধ ছুটিও মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সঙ্গরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২২। প্রসূতি ছুটি।—(১) কোন মহিলা কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক ৪ (চার) মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্য অন্য যে-কোন ছুটির সহিত একত্রে বা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে চাকুরী জীবনে কোন কর্মচারীকে দুই বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৩। অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি।—(১) ছুটি পাওনা সাপেক্ষে, কোন কর্মচারী ১২ (বার) মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু ৫৮ (আটান্ন) বৎসরের বয়স-সীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে ১ (এক) দিন পূর্বে অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

২৪। অধ্যয়ন ছুটি।—(১) জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে তাহার চাকুরীর জন্য সহায়ক এইরূপ গবেষণা, বৈজ্ঞানিক, কারিগরী বা অনুরূপ বিষয়াদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে কর্তৃপক্ষ অর্ধ বেতনে অনধিক ১২ (বার) মাস অধ্যয়নের জন্য ছুটি মঞ্জুর করিতে পারেন, যাহা তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।



(২) সাধারণভাবে চাকরীর মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হয় নাই এমন কর্মচারীকে অথবা যে তারিখে ইচ্ছা করিলে কোন কর্মচারী অবসর গ্রহণের সুযোগ গ্রহণ করিতে পারেন, ঐ কর্মচারীকে, ঐ তারিখের ৩ (তিন) বৎসরের মধ্যে অধ্যয়ন ছুটি দেওয়া যাইবে না।

(৩) যেইক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার শিক্ষা কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেইক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে কর্তৃপক্ষ তাহাকে অনধিক ১(এক) বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৪) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপে মঞ্জুরীকৃত ছুটি কোন ক্রমেই একত্রে মোট ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

২৫। নৈমিত্তিক ছুটি —সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবেন কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৬। ছুটির পদ্ধতি —(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে হইতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে, তাহাকে অনূর্ধ্ব ১৫(পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৭। ছুটিকালীন বেতন —(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৮। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এই এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটির নগদায়ন।—(১) যে কর্মচারী অবসরভাতা বা ভবিষ্যৎ ভবিষ্যের সুবিধা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালের জন্য সর্বাধিক ১২ (বার) মাস পর্যন্ত, প্রতি বৎসরে প্রত্যাহাত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১)-এ উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

### পঞ্চম অধ্যায়

#### জাভা, ইত্যাদি

৩০। ভ্রমণভাতা, ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে ভ্রমণকালে, বা বদলী উপলক্ষে ভ্রমণকালে, সরকার কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী, ভ্রমণভাতা ও দৈনিকভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। সম্মানী, ইত্যাদি।—(১) কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে, সাময়িক প্রবৃত্তির কোন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদনুচ্ছেদে পঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশ না করা হয়।

৩২। দায়িত্বভাতা।—কোন কর্মচারী অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে সরকার কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী দায়িত্বভাতা পাইবার অধিকারী হইবে।

৩৩। উৎসবভাতা ও বোনাস।—সরকার কর্তৃক এতদনুচ্ছেদে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কর্মচারীগণকে উৎসবভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

### ষষ্ঠ অধ্যায়

#### চাকুরীর বৃত্তান্ত

৩৪। চাকুরীর বৃত্তান্ত।—(১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহিঃপরিদর্শনকালে উহাতে কোন ভুল বা বিঘ্নিত দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃপক্ষ কর্তৃক দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্তৃপক্ষ চাকুরী বহিঃপরিদর্শনকালে সংশোধন করিয়া বিষয়টি লিখিতভাবে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করিবেন।

৩৫। বার্ষিক প্রতিবেদন।—(১) কর্তৃপক্ষ উহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষ ক্ষেত্রে কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রয়োজন হইলে তাহাও কর্তৃপক্ষ চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ৎ প্রদানের কিংবা তাহার নিজের সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

### সপ্তম অধ্যায়

#### সাধারণ আচরণ ও শৃংখলা

৩৬। সাধারণ আচরণ ও শৃংখলা।—(১) প্রত্যেক কর্মচারী —

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের একতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পাশন এবং মানিয়া চলিবেন; এবং
- (গ) সততা ও অধ্যবসায়ের সহিত জাতীয় গ্রন্থকেন্দ্রের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী —

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে টাকাদান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং রাষ্ট্র বা জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;
- (খ) তাহার অধিবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্বানুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
- (গ) জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;

(৫) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং

(৬) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত অন্য কোন খন্দকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী কর্তৃপক্ষের নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে কর্তৃপক্ষ বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জ্ঞান্য কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন সরকারী বা বেসরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারী জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণগ্রস্ততা পরিহার করিবেন।

৩৭। দত্তের ভিত্তি — কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী, —

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা

(ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতিপন্ন হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতিপন্ন বলিয়া বিবেচিত হন, যথা :—

(অ) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ এইরূপ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন, যাহা অর্জনের যৌক্তিকতা কর্তৃপক্ষকে দেখাইতে তিনি ব্যর্থ হন;

(আ) তাহার প্রকাশ্য আয়ের সহিত সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন; অথবা

- (চ) চুরি, আত্মসাত, ভাঙ্গা-চুরি বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা
- (ছ) কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হন, বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে, উক্ত অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং তাহাকে চাকুরীতে রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারেন।

৩৮। দণ্ডসমূহ —(১) এই প্রবিধানমালার অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা :—

(ক) লম্বদণ্ড—

- (অ) তিরস্কার;
- (আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা;
- (ই) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন;

(খ) গুরুদণ্ড—

- (অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;
- (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;
- (ই) চাকুরী হইতে অপসারণ; এবং
- (ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবে।

৩৯। ধ্বংসাত্মক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি —(১) প্রবিধান ৩৭(ছ) অনুসারে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ —

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারিবে;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবে; এবং

(গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে :

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যেইক্ষেত্রে উপ-প্রবিধান (১)(গ) অনুসারে তদন্ত কমিটি গঠিত হয়, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন তিনজন কর্মচারীর সমন্বয়ে, তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বলিয়া মনে করিবে সেইরূপ নির্দেশ প্রদান করিবে।

৪০। লঘুদত্তের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি —(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিযুক্ত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ —

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবেন এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দেওয়ার পর তাহার পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ দিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার সিদ্ধান্ত পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা প্রয়োজন মনে করিলে অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যেইক্ষেত্রে শ্রবিধান ৩৭ এর দফা (ক) বা (খ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কারের দণ্ড প্রদান করা হইবে সেইক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার শুনানী গ্রহণকরতঃ দণ্ডের কারণ লিপিবদ্ধ করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারিবে, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে শুনানী ব্যতিরেকেই তাহার উপর উক্ত দণ্ড আরোপ করা যাইবে, অথবা উপ-প্রবিধান (১)(খ) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার অপেক্ষা গুরুতর অন্য কোন দণ্ড আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবি করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কার অপেক্ষা গুরুতর অন্য কোন দণ্ড আরোপ করিতে হইবে।

৪১। গুরুদণ্ডের ক্ষেত্রে তদন্তের কার্যপ্রণালী।—(১) যেইক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হইবে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে, এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ, এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর ১০(দশ) কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎসম্পর্কে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উল্লেখ করিবেন :

তবে শর্ত থাকে যে, উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য ১০ (দশ) কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারিবে।

(২) যেইক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উল্লিখিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিষয়াদির সাক্ষ্য-প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবেন এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবেন, এবং তদানুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে লঘুদণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘুদণ্ড প্রদান করিতে পারিবে অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে শ্রবিধান ৪০ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত শ্রবিধানে বর্ণিত কার্য প্রণালী অনুসরণ করিতে পারিবে;

(গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবে।

(৩) যেইক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিপিত বিবৃতি পেশ না করেন, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে ১০(দশ) কার্যদিবসের মধ্যে অভিযোগনামার বর্ধিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্রবিশেষে, তদন্ত বোর্ড তদন্তের আদেশদানের তারিখ হইতে ১০(দশ) কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪২ এ বর্ধিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবেন এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে, এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপি সহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, তবে প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ দিবে।

(৭) কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং যেইক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিযুক্ত করা হয়, সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা বোর্ডের তদন্তের প্রতিবেদন ও উহার যুক্তিসংগত কারণ থাকিতে হইবে।

(৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪২। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালী।—(১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সংশ্লিষ্ট বিষয় গুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত গুনানী মূলতরী রাখিবেন না।

(২) এই প্রবিধানের অধীন তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তের ক্ষেত্রে—

(ক) অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ অস্বীকার করেন সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগ সম্পর্কিত প্রাসংগিক বা গুরুত্বপূর্ণ দালিলিক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসংগত সুযোগ উভয় পক্ষকে প্রদান ও বিবেচনা করিতে হইবে;



- (খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করার, তিনি ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থনকারী কোন ব্যক্তিকে সাক্ষী হিসাবে উপস্থাপন করার অধিকারী হইবেন;
- (গ) অভিযোগের সমর্থনে মামলা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাহার সাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন;
- (ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকর অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট সাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন।

(৪) কর্তৃপক্ষ অভিযোগের সমর্থনে তদন্তকারী কর্মকর্তার নিকট বিষয়টি উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত বিষয়ে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায়বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তাহার কার্যালয়ের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসংগিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন; অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৩৭(খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর ১০(দশ) কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কিনা তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমালার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত বোর্ড নিয়োগ করিতে পারেন, এবং যে ক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত বোর্ড নিয়োগ করা হয়, সেক্ষেত্রে এই প্রবিধানে তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উল্লিখিত বিষয় বোর্ডের ক্ষেত্রে উল্লিখিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এর অধীনে নিযুক্ত বোর্ডের কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উপস্থাপন করা যাইবে না।

৪৩। সাময়িক বরখাস্ত।—(১) প্রবিধান ৩৮ এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(২) যেইক্ষেত্রে কোন কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের দণ্ড কোন আদালত বা প্রশাসনিক ট্রাইব্যুনালের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাস্তব বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতি বিবেচনার পর, মূলতঃ যে অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দণ্ড দেওয়া হইয়াছিল সেই ব্যাপারে, তাহার বিরুদ্ধে আরও তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করেন, সেইক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দণ্ড আরোপের মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৩) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে, সরকারী বিধি ও আদেশানুযায়ী, খোরাকী ভাতা পাইবেন।

(৪) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্দ ('কারাগারে সোপর্দ' অর্থে 'হেফাজতে' রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৪৪। পুনর্বহাল।—(১) যদি প্রবিধান ৩৯(১)(ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে বরখাস্ত, অপসারণ বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা, ক্ষেত্রনিশেষে, তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে, সাময়িকভাবে বরখাস্তের পর পুনর্বহালের বিষয় সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য Bangladesh Service Rules এর বিধান অনুসারে যথাসম্ভব নিয়ন্ত্রিত হইবে।

৪৫। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী।—ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা ভাতাদি পাইবেন না, তবে মামলার পরিস্থিতি অনুসারে তাহার বেতন ও ভাতাদির সমন্বয়-সাধন করা হইবে; তিনি অপরাধ হইতে খালাস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন-ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে; এইরূপে তাহাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে; এবং উক্ত প্রাপ্য বেতন-ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ উদানুযায়ী নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

৪৬। আদেশের বিরুদ্ধে আপীল।—(১) কোন কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট, অথবা যেইক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেইক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তাব করা হইবে, তিনি যে কর্তৃপক্ষের অব্যবহিত অধস্তন তাহার নিকট, অথবা যেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ পরীক্ষা করিয়া যেরূপ আদেশদান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে সেইরূপ আদেশ প্রদান করিবেন, যথাঃ—

- (ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি-না, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায়বিচারের হানি হইয়াছে কি-না;
- (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায়সংগত কি-না;
- (গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপর্യാপ্ত কি-না।

৪৭। আদালতে বিচারার্থী কার্যধারা।—(১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারার্থী থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সমাপনের ব্যাপারে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করিবার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে উক্ত আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এই দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (V of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে, এইরূপে সাজাপ্রাপ্ত উক্ত কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কিনা কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) কর্তৃপক্ষ এই প্রবিধানমালার অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টির পরিস্থিতিতে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করেন সেইরূপ দণ্ড প্রদান করিতে পারেন এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করিবার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও ঐ কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেইক্ষেত্রে তাহাকে চাকুরীতে পুনর্বহাল বা বহাল রাখার সিদ্ধান্ত হইতেছে, সেইক্ষেত্রে বোর্ডের বা সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

## অষ্টম অধ্যায়

### অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৪৮। ভবিষ্য তহবিল।—ভবিষ্য তহবিলে টাকা প্রদানের ব্যাপারে ও প্রাসংগিক বিষয়ে কোন কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি বা প্রবিধান দ্বারা পরিচালিত হইবেন।

৪৯। আনুতোমিক।—(১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোমিক পাইবেন, যথা :—

- (ক) যিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তিস্বরূপ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হন নাই;
- (খ) যিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করেন নাই;
- (গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের কোন কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা :—
  - (অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাঁটাই হইয়াছেন;
  - (আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে; অথবা
  - (ই) চাকুরীরত থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।
- (২) কোন কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা উহার অংশ বাবদ ১২০ (একশত বিশ) কার্যদিবসের উর্ধ্বে কোন সময়ের জন্য ২ (দুই) মাসের মূল বেতনের হারে আনুতোমিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোমিক গণনার মূলভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোমিক প্রাপ্য হইলে তাহাতে তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন।

(৫) কোন কর্মচারী উপ-প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, তাহার মনোনয়নপত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোমিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারেন, এবং এইরূপ করার সময়ে, উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) অনুসারে একটি নতুন মনোনয়নপত্র প্রেরণ করিবেন।

(৭) কোন মনোনয়নপত্র না থাকিলে কর্মচারীর মৃত্যুর পর তাহার আনুতোমিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৫০। অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধা।—(১) জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধা পরিকল্প প্রবর্তন করিলে, যে কোন কর্মচারী উক্ত পরিকল্পের অধীন অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধা গ্রহণের ইচ্ছা প্রকাশ করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) অনুসারে ইচ্ছা প্রকাশ করা হইলে তাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং এইরূপ ইচ্ছা প্রকাশ করার পর সংশ্লিষ্ট কর্মচারী সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধাদি পাইবেন।

(৩) কোন কর্মচারীর ভবিষ্য তহবিল হিসাবে প্রদত্ত চাঁদার অংশ বাবদ জমা টাকা জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিলে, তিনি উপ-প্রবিধান (২) অনুসারে অবসরভাতা ও অন্যান্য অবসর গ্রহণ সুবিধাদি পাইতে পারেন।

## নবম অধ্যায়

## অবসর গ্রহণ, চাকুরী অবসান ও অব্যাহতি

৫১। অবসর গ্রহণ, ইত্যাদি।—কর্মচারীদের অবসর গ্রহণ এবং উহার পর পুনর্নিয়োগের ব্যাপারে Public Servants Retirement Act, 1974 (XII of 1974) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫২। চাকুরীর অবসান, চাকুরী হইতে অপসারণ, ইত্যাদি।—(১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং ১ (এক) মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ বাহা কিছুই থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়াই কোন কর্মচারীকে ৯০ (নব্বই) দিনের নোটিশ দান করিয়া অথবা ৯০ (নব্বই) দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ করিতে পারিবেন।

৫৩। ইস্তফা দান, ইত্যাদি।—(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে তাহার ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে তাহার ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাভঙ্গিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চাকুরী হইতে ইস্তফা দান করিতে পারিবেন না :

স্ববে শর্ত এই যে, পরিচালনা বোর্ড যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি দিতে পারিবে।

## দশম অধ্যায়

## বিবিধ

৫৪। অসুবিধা দূরীকরণ।—যেইক্ষেত্রে এই প্রবিধানমালার কোন বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য কোন বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রয়োগ বা আনুসরণের বিধান আছে, কিন্তু উহা প্রয়োগে বা আনুসরণে অসুবিধা দেখা দেয়, সেইক্ষেত্রে সরকার, লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা আনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই ব্যাপারে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

## তফসিল

## [ অধিভাগ ২ (ছ) দ্রষ্টব্য ]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	৩	৪	৫	নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)	-----	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বন্দীর মাধ্যমে।		<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> ১ম শ্রেণীর পদে অনূন ১২ (বার) বৎসরের চাকুরীসহ নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) ক্যাডারতুচ্চ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।	
২।	উপ-প্রধান সুপতি	-----	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বন্দীর মাধ্যমে।		<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> ১ম শ্রেণীর পদে অনূন ১২ (বার) বৎসরের চাকুরীসহ সহকারী প্রধান সুপতি পদে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সুপাত অধিদপ্তরের উপ-প্রধান সুপতি পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।	

১	২	৩	৪	৫
৩।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/ পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)	----	শ্রেণিতে বদলীর মাধ্যমে	সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
৪।	নির্বাহী প্রকৌশলী (সিভিল)	----	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য অর্থী পাওয়া না গেলে শ্রেণিতে বদলীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> ১ম শ্রেণীর পদে অনূন ১০ (দশ) বৎসরের চাকুরীসহ উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৫।	নির্বাহী প্রকৌশলী (ই/এম)	----	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য অর্থী পাওয়া না গেলে শ্রেণিতে বদলীর মাধ্যমে।	<u>শ্রেণিতে বদলীর ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) ক্যাডারভুক্ত নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।
				<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> ১ম শ্রেণীর পদে অনূন ১০ (দশ) বৎসরের চাকুরীসহ উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
				<u>শ্রেণিতে বদলীর ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) ক্যাডারভুক্ত নির্বাহী প্রকৌশলী (ই/এম) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
৬।	সহকারী প্রধান স্থপতি	---	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য অর্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী স্থপতি পদে অন্যান্য ১০ (দশ) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> স্বাপত্য অধিদপ্তরের সহকারী প্রধান স্থপতি পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে। সরকারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
৭।	সচিব	---	প্রেষণে বদলীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী পরিচালক বা সহকারী প্রোগ্রামার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সরকারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
৮।	উপ-পরিচালক	---	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% প্রেষণে বদলীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী পরিচালক বা সহকারী প্রোগ্রামার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সরকারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
৯।	উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল)	---	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য অর্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) কাণ্ডারচুক্ত উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।



১	২	৩	৪	৫
১০।	উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম)	—	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য শ্রাবী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী প্রকৌশলী (ই/এম) পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  <u>প্রেষণের ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) কাভারডুক্ত উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।
১১।	আইন কর্মকর্তা	৪০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগের যোগ্য শ্রাবী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অনূন ২য় শ্রেণীর সন্ধানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং বাংলাদেশ বার কাউন্সিল হইতে এডভোকেটশীপ সনদসহ আইন পেশায় অনূন ৮ (আট) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।  <u>প্রেষণের ক্ষেত্রে :</u> ১ম শ্রেণীর পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ আইন বিষয়ে অভিজ্ঞ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
১২।	প্রোগ্রামার	৩৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য শ্রাবী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> সহকারী প্রোগ্রামার পদে অনূন ৭(সাত) বৎসরের চাকুরী।  <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্সে ২য় শ্রেণীর সন্ধানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং প্রোগ্রামিং এ অনূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
১৩।	সহকারী স্থপতি	৩০ বৎসর	সরসান্নি নিয়োগের মাধ্যমে; তবে সরসান্নি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<p><u>সরসান্নি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্যে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।</p> <p><u>প্রেষণের ক্ষেত্রে :</u></p> <p>স্থাপত্য অধিদপ্তরের সহকারী স্থপতি পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।</p> <p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ এন্টিসেটব (সিভিল) পদে অন্যান্য ৬ (ছয়) বৎসরের চাকুরী।</p> <p><u>সরসান্নি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।</p> <p><u>প্রেষণের ক্ষেত্রে :</u></p> <p>বিসিএস (গণপূর্ত) ক্যাডারভুক্ত সহকারী প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।</p>
১৪।	সহকারী প্রকৌশলী (সিভিল)	৩০ বৎসর	(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৭% সরসান্নি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতি বা সরসান্নি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<p><u>সরসান্নি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>উপ-সহকারী প্রকৌশলী/ এন্টিসেটব (সিভিল) পদে অন্যান্য ৬ (ছয়) বৎসরের চাকুরী।</p> <p><u>সরসান্নি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।</p> <p><u>প্রেষণের ক্ষেত্রে :</u></p> <p>বিসিএস (গণপূর্ত) ক্যাডারভুক্ত সহকারী প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।</p>

১	২	৩	৪	৫
১৫।	সহকারী প্রকৌশলী (ই/এম)	৩০ বৎসর	(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বাদসীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> উপ-সহকারী প্রকৌশলী/এসিস্টেন্টের (ই/এম) পদে অন্যান্য ৬ (ছয়) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডাব্লিউ বা তদ্বিৎ কৌশলে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) কাতারতুক্ত সহকারী প্রকৌশলী (ই/এম) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে। <u>পদোন্নতির ক্ষেত্রে :</u> একান্ত সচিব, সিনিয়র একাউন্টেন্ট বা প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সরকারের সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।
১৬।	সহকারী পরিচালক	৩০ বৎসর	(ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বাদসীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> উপ-সহকারী প্রকৌশলী/এসিস্টেন্টের (ই/এম) পদে অন্যান্য ৬ (ছয়) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডাব্লিউ বা তদ্বিৎ কৌশলে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> বিসিএস (গণপূর্ত) কাতারতুক্ত সহকারী প্রকৌশলী (ই/এম) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে। <u>পদোন্নতির ক্ষেত্রে :</u> একান্ত সচিব, সিনিয়র একাউন্টেন্ট বা প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> সরকারের সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
১৭.	সহকারী প্রোগ্রামার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্সে সম্মানসহ অনূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৮।	উপ-সহকারী প্রকৌশলী/এসিস্টেন্ট (সিভিল)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বন্দীর মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পূর্ণ-কৌশলে অনূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।
১৯।	উপ-সহকারী প্রকৌশলী/এসিস্টেন্ট (ই/এম)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বন্দীর মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে ডিগ্রি অথবা যান্ত্রিক কৌশলে অনূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) পদধারী কর্মকর্তাদের মধ্য হইতে।
২০।	সিনিয়র একাউন্টেন্ট	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বন্দীর মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে :</u> বিভাগীয় হিসাব সঞ্চক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। <u>প্রেষণের ক্ষেত্রে :</u> হিসাব মহানিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় হইতে সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।

- ২১। একান্ত সচিব ৩০ বৎসর সরাসরি নিয়োগের মাধ্যমে।  
কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনুল দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং সচিব হইতে এ বাংলা ও ইংরেজিতে সরকারী বিধান অনুযায়ী প্রয়োজনীয় স্বকপতি সম্পন্ন এবং কম্পিউটারে ফাউন্ডেশন কোর্সসহ কম্পিউটার টাইপিং এ পারদর্শী হইতে হইবে।
- ২২। প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) ৩০ বৎসর (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতি বা সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।
- ২৩। বিভাগীয় হিসাব রক্ষক ৩০ বৎসর (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ১০০% সরাসরি নিয়োগের মাধ্যমে।
- পদোন্নতির ক্ষেত্রে :  
প্রধান সহকারী-কায়-কম্পিউটার অপারেটর পদে অনুল ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অথবা উচ্চমান সহকারী-কায়-কম্পিউটার অপারেটর পদে অনুল ৮(আট) বৎসরের চাকুরী অথবা উভয় পদে মোট ৮(আট) বৎসরের চাকুরী।  
সরাসরি নিয়োগের ক্ষেত্রে :  
কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনুল স্নাতকোত্তর ডিগ্রী।
- পদোন্নতির ক্ষেত্রে :  
হিসাব রক্ষক বা অডিটর পদে অনুল ৩ (তিন) বৎসরের চাকুরী।
- সরাসরি নিয়োগের ক্ষেত্রে :  
কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অনুল দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।
- প্রেষণের ক্ষেত্রে :  
হিসাব মহা-নিরীক্ষকের কার্যালয়ের অডিটরগণের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
২৪।	বাকিগত সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : উচ্চমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যান্য ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ বাংলা ও ইংরেজী স্ট্রাহ্যভে প্রতি মিনিটে নির্ভুল গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।
২৫।	প্রধান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	---	পদোন্নতির মাধ্যমে	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার ভাটা এটি অপারেশনে ফাভামেন্টাল কোর্স সার্টিফিকেট এবং বাংলা ও ইংরেজী স্ট্রাহ্যভে প্রতি মিনিটে নির্ভুল গতি যথাক্রমে ৫০ ও ৮০টি শব্দ এবং কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।
২৬।	হিসাব রক্ষক	---	পদোন্নতির মাধ্যমে	উচ্চমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যান্য ৩ (তিন) বৎসরের চাকুরী। ক্যাশিয়ার পদে অন্যান্য ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
২৭।	উচ্চমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	---	পদোন্নতির মাধ্যমে	অফিস সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর বা নিম্নমান সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যান্য ৫(পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
২৮।	অডিটর	৩০ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : জুনিয়র অডিটর পদে অন্ত্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাগিজ্যে অন্যান্ন যাতক জিব্বী।
২৯।	ক্যাম্পিয়ার	....	পদোন্নতির মাধ্যমে	হিসাব সহকারী পদে অন্ত্যন ৩ (তিন) বৎসরের চাকুরী।
৩০।	সার্ভেয়ার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ বৎসর মেয়াদী ২য় শ্রেণীর সার্ভে জিপ্লোয়া।
৩১।	অটিক্যাল ট্রাসপোর্ট এটেন্ডেন্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লিকট পরিচালনা ও রক্ষণাবেক্ষণে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩২।	ড্রাক্টসমান	৩০ বৎসর	সরাসরি নিয়োগ	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ বৎসর মেয়াদী ড্রাক্টসমানশীপে ২য় শ্রেণীর ডিপ্লোয়া এবং কম্পিউটার পরিচালনার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩৩।	ড্রাইভার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং শ্রাবক ও ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সসহ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
৩৪।	কেয়ারটেকার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনুল্ন যান্ত্রিক ডিগ্রী।
৩৫।	ছুনিয়র অভিটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অনুল্ন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফাভোমেন্টাল কোর্সসহ কম্পিউটার এ বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।
৩৬।	অফিস সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফাভোমেন্টাল কোর্সসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।
৩৭।	হিসাব সহকারী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অনুল্ন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফাভোমেন্টাল কোর্সসহ কম্পিউটার-এ বাংলা ও ইংরেজী টাইপিংএ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।
৩৮।	নিয়মান সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফাভোমেন্টাল কোর্সসহ কম্পিউটার এ বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকিতে হইবে।



১	২	৩	৪	৫
৩৯।	রেকর্ড কিপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ রেকর্ড সংরক্ষণে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪০।	ডেসপাচ রাইটার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালানায় পারদর্শিতা থাকিতে হইবে।
৪১।	টাইনয়ান (শিকল বাহক)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪২।	মেসেঞ্জার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ বাইসাইকেল চালানায় পারদর্শিতা থাকিতে হইবে।
৪৩।	এম, এল, এস, এস	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ।
৪৪।	গার্ড	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ। প্রার্থীকে সুবাস্তুর অধিকারী হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
ইকবাল উদ্দিন চৌধুরী  
তারিখঃ সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রাশালার, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী (আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট  
রিয়েল এস্টেট উন্নয়ন ও  
ব্যবস্থাপনা আইন-২০১০



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৫, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৫ই অক্টোবর, ২০১০/২০শে আশ্বিন, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩রা অক্টোবর, ২০১০ (১৮ই আশ্বিন, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ৪৮ নং আইন

রিয়েল এস্টেট উন্নয়ন ও উহার ব্যবস্থাপনাসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধান  
প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু রিয়েল এস্টেট উন্নয়ন ও উহার ব্যবস্থাপনাসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

প্রথম অধ্যায়  
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

- (ক) ধারা ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ও ৩২ অবিলম্বে কার্যকর হইবে;
- (খ) দফা (ক) তে উল্লিখিত ধারাগুলি ব্যতীত অন্যান্য ধারাগুলি ৭ ডিসেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

( ৯০৬৫ )

মূল্য : টাকা ৮.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

- (১) “অনুমোদিত নকশা” অর্থ প্রযোজ্য ইমারত নির্মাণ, ভূমি উন্নয়ন এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডসহ (Bangladesh National Building Code) এতদসংক্রান্ত প্রচলিত অন্যান্য বিধিবিধান অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা;
- (২) “কমন স্পেস” অর্থ রিয়েল এস্টেট এর জন্য সহযোগী স্পেস যেমন, লিফট-লবী, সিঁড়ি ঘর, লিফট মেশিন রুম, জেনারেটর সাব-স্টেশন, কেয়ারটেকার কক্ষ, গার্ড রুম, কমন ফ্যাসিলিটিস এর জন্য ব্যবহৃত স্থান;
- (৩) “কর্তৃপক্ষ” অর্থ ধারা ৪ এর অধীন ঘোষিত বা, ক্ষেত্রমত, উল্লিখিত কর্তৃপক্ষ;
- (৪) “ক্রেতা” অর্থ রিয়েল এস্টেট ক্রয়ের উদ্দেশ্যে রিয়েল এস্টেট ডেভেলপার এর সহিত চুক্তিবদ্ধ কোন ব্যক্তি;
- (৫) “নগর উন্নয়ন কর্তৃপক্ষ” অর্থ Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) এর অধীন প্রতিষ্ঠিত ‘রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ’, Chittagong Development Authority Ordinance, 1959 (Ordinance No. LI of 1959) এর অধীন প্রতিষ্ঠিত ‘চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ’, Khulna Development Authority Ordinance, 1961 (Ordinance No. II of 1961) এর অধীন প্রতিষ্ঠিত ‘খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ’ এবং Rajshahi Town Development Authority Ordinance, 1976 (Ordinance No. LXXVIII of 1976) এর অধীন প্রতিষ্ঠিত ‘রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ’;
- (৬) “নিবন্ধন সনদ” অর্থ ধারা ৫ এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদ;
- (৭) “নির্ধারিত” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত;
- (৮) “প্লট” অর্থ বাসযোগ্য এক খণ্ড জমি যাহার উপর এক বা একাধিক আবাসিক বা প্রাতিষ্ঠানিক বা বাণিজ্যিক ফ্ল্যাট নির্মাণ করা যায়;
- (৯) “ফ্লোর স্পেস” অর্থ দেওয়াল ও অন্যান্য ভারবাহী কাঠামোর আনুভূমিক ক্ষেত্রফলসহ ব্যবহারযোগ্য ইমারতের একটি তলার ক্ষেত্রফল;
- (১০) “ব্যক্তি” অর্থে কোম্পানী, সমিতি বা ব্যক্তি সমষ্টি, সংবিধিবদ্ধ হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;
- (১১) “বিল্ডিং সার্ভিসেস” অর্থ আলো-বাতাসের চলাচল, বৈদ্যুতিক সংযোগ, শীতাতপ নিয়ন্ত্রণ, উত্তাপন (heating), অভ্যন্তরীণ শব্দ (acoustics) নিয়ন্ত্রণ, লিফট, গ্যারেজ, এক্সক্লেটর ও মুভিং ওয়াক স্থাপন, পানি সরবরাহ, অগ্নিনির্বাপন, পয়ঃ ও পানি নিষ্কাশন, গ্যাস সরবরাহ এবং টেলিফোন সংযোগ ও সংশ্লিষ্ট অন্যান্য সুবিধার সন্নিবেশ;
- (১২) “রিয়েল এস্টেট (real estate)” অর্থ উন্নয়ন, ব্যবস্থাপনা ও ক্রয়-বিক্রয়ের নিমিত্ত আবাসিক বা প্রাতিষ্ঠানিক বা বাণিজ্যিক প্লট অথবা এপার্টমেন্ট বা ফ্ল্যাট, প্রাতিষ্ঠানিক বা মিশ্র ফ্লোর স্পেস জাতীয় স্থাবর ভূ-সম্পত্তি;

- (১৩) “রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা” অর্থ বেসরকারী উদ্যোগে অথবা সরকারী-বেসরকারী যৌথ উদ্যোগে কিংবা বিদেশী অর্থায়নে রিয়েল এস্টেট প্লট অথবা এপার্টমেন্ট বা ফ্ল্যাট, বা শিল্প বা বাণিজ্যিক প্লট বা ফ্ল্যাট, বা প্রাতিষ্ঠানিক বা মিশ্র ফ্লোর স্পেস জাতীয় স্থাবর ভূ-সম্পত্তির উন্নয়ন, ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ, বরাদ্দ, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ;
- (১৪) “রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প বা প্রকল্প” অর্থ ডেভেলপার কর্তৃক—
- (অ) বেসরকারী আবাসিক বা প্রাতিষ্ঠানিক বা বাণিজ্যিক বা শিল্প প্লট উন্নয়ন ও বরাদ্দ; এবং
- (আ) রিয়েল এস্টেট নির্মাণ, ক্রয়-বিক্রয়, বরাদ্দ, ইত্যাদির জন্য গৃহীত প্রকল্প বা প্রকল্পসমূহ; এবং
- (১৫) “রিয়েল এস্টেট ডেভেলপার বা ডেভেলপার” অর্থ রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে এ আইনের ধারা ৫ এর অধীন নিবন্ধিত কোন ব্যক্তি।

৩। প্রযোজ্যতা।—(১) সম্পূর্ণভাবে সরকারী ব্যবস্থাপনায় পরিচালিত রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা কার্যক্রমের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে না।

(২) সরকারের কোন মন্ত্রণালয় বা বিভাগ অথবা উহার অধীনস্থ বা সংযুক্ত কোন দপ্তর বা সংস্থা বা কর্তৃপক্ষ অথবা কোন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কোন ডেভেলপার এর সহিত যৌথভাবে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করিলে উহা সরকারী-বেসরকারী যৌথ উদ্যোগে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা হিসাবে গণ্য হইবে এবং সেইক্ষেত্রে এই আইন এবং তদধীন প্রণীত বিধিমালা প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

### কর্তৃপক্ষ প্রতিষ্ঠা, রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন, দায়িত্ব, ইত্যাদি

৪। কর্তৃপক্ষ প্রতিষ্ঠা।—(১) সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এক বা একাধিক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিতে পারিবে এবং তদুদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে কোন সরকারী বা সংবিধিবদ্ধ বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে প্রজ্ঞাপনে উল্লিখিত এলাকার জন্য কর্তৃপক্ষ হিসাবে ঘোষণা করিতে পারিবে।

(২) বিশেষ করিয়া এবং উপ-ধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া,—

- (ক) সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষ এবং নগর উন্নয়ন কর্তৃপক্ষের অবর্তমানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, উহার স্থানীয় অধিক্ষেত্রের জন্য;
- (খ) সংশ্লিষ্ট পৌরসভা, উহার স্থানীয় অধিক্ষেত্রের জন্য;

- (গ) সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ড, উহার স্থানীয় অধিক্ষেত্রের জন্য; এবং
- (ঘ) নগর উন্নয়ন কর্তৃপক্ষ, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ড বহির্ভূত এলাকার জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ—

এই আইনের অধীন কর্তৃপক্ষ হিসাবে গণ্য হইবে।

৫। রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন।—(১) এই আইনের বিধান অনুযায়ী কোন একটি নির্দিষ্ট এলাকায় রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে প্রত্যেক রিয়েল এস্টেট ডেভেলপারকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সমগ্র বাংলাদেশে রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনা করিতে হইলে উক্ত রিয়েল এস্টেট ডেভেলপারকে সরকারের নিকট হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(৩) প্রত্যেক রিয়েল এস্টেট ডেভেলপারকে নিম্নবর্ণিত কাগজপত্রের কপিসহ নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত ফরমে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে, যথা ঃ—

- (ক) ট্রেড লাইসেন্স;
- (খ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট;
- (গ) মূল্য সংযোজন কর (VAT) রেজিস্ট্রেশন নম্বর;
- (ঘ) (i) প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের অভিজ্ঞতা (যদি থাকে);
- (ii) কারিগরী ব্যক্তিদের যোগ্যতার প্রমাণপত্র (স্থপতি, প্রকৌশলী ও পরিকল্পনাবিদদের শিক্ষাগত যোগ্যতার সনদ এবং সংশ্লিষ্ট পেশাজীবী প্রতিষ্ঠানের সদস্য পত্রের সনদ);
- (ঙ) কোম্পানী হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন (Memorandum of Association) এবং আর্টিকেলস্ অব এসোসিয়েশন (Articles of Association) সহ সার্টিফিকেট অব ইনকর্পোরেশন (Certificate of Incorporation);
- (চ) রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) অথবা 'ল্যান্ড ডেভেলপার্স এসোসিয়েশন' এর সদস্য পদের নিবন্ধনের কপি, যদি থাকে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন আবেদন প্রাপ্তির পর সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ প্রাপ্ত তথ্যাদি ৬০ (ষাট) দিনের মধ্যে যাচাই-বাছাই পূর্বক যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে—

- (ক) আবেদনকারী রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত শর্তাবলী পূরণ করিতে সক্ষম, তাহা হইলে উক্ত সময়ের মধ্যে আবেদনটি মঞ্জুর করিবে এবং তদসম্পর্কে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে; অথবা



(খ) আবেদনকারী উক্ত শর্তাবলী পূরণ করিতে অক্ষম, তাহা হইলে কারণ উল্লেখ করিয়া আবেদন নামঞ্জুর করিবে এবং তদসম্পর্কে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) উপ-ধারা ৪ (ক) এর অধীন আবেদন মঞ্জুর করা হইলে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবার তারিখ হইতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, প্রযোজ্য ফিস আদায় সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য আবেদনকারীর বরাবরে একটি নিবন্ধন সনদ ইস্যু করিবে এবং উক্ত নিবন্ধন সনদ ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর নবায়ন করা যাইবে।

(৬) নিবন্ধিত ডেভেলপারদের একটি তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণ ও প্রকাশ করিবে।

(৭) নির্ধারিত পদ্ধতিতে ডেভেলপারের নিবন্ধন নবায়ন, বাতিল ও সংশোধন করা যাইবে।

৬। ডেভেলপারের দায়-দায়িত্ব।—(১) এই আইনের অধীন সকল ডেভেলপারকে তদকর্তৃক প্রস্তুতকৃত প্রসপেক্টাসে রিয়েল এস্টেট এর নিবন্ধন নম্বরসহ উহার নাম, ঠিকানা ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশার অনুমোদন নম্বরসহ স্মারক নম্বর ও তারিখ উল্লেখ করিতে হইবে।

(২) কোন ডেভেলপার কর্তৃপক্ষ কর্তৃক রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন এবং ডেভেলপার কর্তৃক হস্তান্তর দলিল সম্পাদনের ক্ষমতা বা অধিকার প্রাপ্তির পূর্বে রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়ের জন্য প্রকল্পের বিজ্ঞপ্তি গণমাধ্যমে প্রচার করিতে পারিবে না।

(৩) প্রকল্প অনুমোদনের পূর্বে ক্রেতার নিকট ডেভেলপার কোন রিয়েল এস্টেট বিক্রয় করিতে বা বিক্রয়ের জন্য চুক্তিবদ্ধ হইতে পারিবে না।

(৪) প্রত্যেক ডেভেলপার ক্রেতাকে কর্তৃপক্ষের অনুমোদন ও সংশ্লিষ্ট জমির মালিকানা সংক্রান্ত দলিলপত্র প্রদর্শন করিবে।

(৫) অনুমোদিত নকশা ব্যতীত অন্যান্য সহযোগী স্থাপত্য নকশা, কাঠামোগত নকশাসহ (structural design) অন্যান্য বিল্ডিং সার্ভিসেস ডিজাইন ও দলিলাদি ডেভেলপার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।

(৬) বেসরকারী বা সরকারী-বেসরকারী যৌথ উদ্যোগে আবাসিক প্লট প্রকল্পের আওতাধীন জমির মালিকানা স্বত্ব ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের ক্ষেত্রে বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪, প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে, অনুসরণ করিতে হইবে।

(৭) প্রত্যেক ডেভেলপারকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪, প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে, এবং প্রযোজ্য ইমারত নির্মাণ সংক্রান্ত বিধিমালা অনুযায়ী রিয়েল এস্টেট এর নকশার অনুমোদন, রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প উন্নয়ন, সংশোধন, পুনঃঅনুমোদন বা নবায়ন করিতে হইবে।

(৮) বেসরকারী বা সরকারী-বেসরকারী যৌথ উদ্যোগে নির্মিত রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের লে-আউট প্ল্যান নির্ধারিত পদ্ধতিতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৯) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ অনুযায়ী নাগরিক সুবিধাদি, যতদূর সম্ভব, নিশ্চিত করিতে হইবে।

(১০) প্রত্যেক ডেভেলপারকে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প এইরূপে বাস্তবায়ন করিতে হইবে যাহাতে প্রকল্প সংশ্লিষ্ট যে কোন প্রকারের অবকাঠামো বা প্লট বা ফ্ল্যাট বা রাস্তাঘাট, বৈদ্যুতিক সংযোগ, পানি সরবরাহ, পয়ঃ ও পানি নিষ্কাশন, গ্যাস সরবরাহ এবং টেলিফোন সংযোগ ও সংশ্লিষ্ট অন্যান্য সুবিধার কোনরূপ ক্ষতি সাধন না হয়।

৭। ভূমির মালিক কর্তৃক রিয়েল এস্টেট নির্মাণ।—(১) কোন ডেভেলপার জমি খরিদ করিয়া উক্ত জমিতে মালিক নিয়ত হইয়া উক্ত জমির উপর বিক্রয়ের উদ্দেশ্যে রিয়েল এস্টেট নির্মাণ করিলে এই আইনের সকল বিধি-বিধান তাহার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(২) কোন ব্যক্তি এককভাবে বা কয়েকজন ব্যক্তি যৌথভাবে কোন রিয়েল এস্টেট ডেভেলপার বা বাণিজ্যিক প্রতিষ্ঠান না হইয়াও তাহার বা তাহাদের নিজস্ব ভূমির উপর ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে রিয়েল এস্টেট নির্মাণ করিলে, তাহার বা তাহাদের ক্ষেত্রেও, যতদূর প্রযোজ্য হয়, এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে।

### তৃতীয় অধ্যায়

#### রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়, রেজিস্ট্রেশন, হস্তান্তর, ইত্যাদি

৮। রিয়েল এস্টেট ক্রয়-বিক্রয়ের শর্তাবলী।—(১) প্রসপেক্টাসে বা বরাদ্দপত্রে রিয়েল এস্টেট এর বিক্রয়যোগ্য এলাকার বিভাজনসহ যথাযথ ব্যাখ্যা বা বিশ্লেষণ উল্লেখ করিতে হইবে।

(২) রিয়েল এস্টেট উন্নয়ন ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিস্তারিত শর্ত, পক্ষদের মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লেখ করিতে হইবে।

(৩) কোন ডেভেলপার ক্রেতার সম্মতিক্রমে বরাদ্দকৃত নির্দিষ্ট প্লট বা ফ্ল্যাট পরিবর্তন করিতে পারিবে।

(৪) কোন ডেভেলপার ক্রেতার নিকট হইতে চুক্তিতে উল্লিখিত শর্তের বাহিরে অতিরিক্ত অর্থ গ্রহণ করিতে পারিবে না :

তবে শর্ত থাকে যে, যদি কোন পক্ষ পরবর্তীতে কোন উন্নতমানের সরঞ্জামাদি সংযোজনের প্রস্তাব করিয়া পরস্পর সম্মত হইয়া এই মর্মে সম্পূরক চুক্তি সম্পাদন করিলে এই বিধান কার্যকর হইবে না।

৯। হস্তান্তর দলিল সম্পাদন ও রেজিস্ট্রেশন।Í(১) রিয়েল এস্টেটের সমুদয় মূল্য পরিশোধের পর ডেভেলপার অনূর্ধ্ব ৩ (তিন) মাসের মধ্যে ক্রেতাকে রিয়েল এস্টেটের দখল হস্তান্তর, দলিল সম্পাদন ও রেজিস্ট্রেশন কার্যাদি সম্পন্ন করিয়া দিবে।

(২) রিয়েল এস্টেট এর দখল হস্তান্তরকালে উহার আয়তন কম বা বেশী হইলে তাহার মূল্য ক্রয়কৃত দর (rate) অনুযায়ী ৩ (তিন) মাসের মধ্যে সমন্বয় করিতে হইবে।

(৩) কোন ডেভেলপার কোন ভূমির মালিকের নিকট হইতে বা পক্ষে আম-মোক্তারনামা দলিল বলে ভূমি প্রাপ্ত হইয়া উক্ত ভূমিতে রিয়েল এস্টেট নির্মাণ এবং তদীয় অংশে প্রাপ্ত রিয়েল এস্টেট ক্রেতাগণের নিকট বিক্রয়ের প্রস্তাব করিলে ভূমির মালিক বা তাহার পক্ষে আম-মোক্তারনামা দলিলে, উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, এই মর্মে ডেভেলপারকে ক্ষমতা অর্পণ করিতে হইবে যাহাতে ডেভেলপার তাহার অংশে প্রাপ্ত রিয়েল এস্টেট বাবদ দলিল স্বয়ং সম্পাদন করিয়া বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করিতে পারে।

(৪) উপ-ধারা (৩) এ বর্ণিত মতে ভূমির মালিক বা তাহার পক্ষে ডেভেলপারকে আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে দলিল সম্পাদন করিয়া রিয়েল এস্টেট বিক্রয় বা হস্তান্তরের ক্ষমতা অর্পণ করা না হইলে, নির্মিত রিয়েল এস্টেট বিক্রয় বা হস্তান্তরযোগ্য হইবার পর ডেভেলপার কর্তৃক লিখিতভাবে অনুরুদ্ধ হইবার ১৫ (পনের) দিনের মধ্যে ভূমির মালিক বা তাহার পক্ষে ক্রেতার অনুকূলে দলিল সম্পাদন করিয়া দিতে হইবে।

(৫) প্রচলিত অন্য কোন আইনে ভিন্নতর যাহাই থাকুক না কেন, ডেভেলপার কর্তৃক উপ-ধারা (৪) এর অধীন অনুরুদ্ধ হইয়া নির্ধারিত সময়ের মধ্যে ভূমির মালিক বা তাহার পক্ষে দলিল সম্পাদন করা না হইলে, ডেভেলপার স্বয়ং এই ধারার ক্ষমতাবলে তদীয় অংশ এইরূপে ক্রেতার বরাবরে দলিল সম্পাদন করিয়া দিতে পারিবে যেন ডেভেলপার নিজেই উক্ত ভূমি ও রিয়েল এস্টেটের মালিক।

#### চতুর্থ অধ্যায়

#### চুক্তি, ইত্যাদি

১০। ভূমি মালিক ও ডেভেলপারের মধ্যে চুক্তি।Í(১) ভূমির মালিক রিয়েল এস্টেট উন্নয়নের লক্ষ্যে ডেভেলপারের সহিত লিখিত দ্বি-পাক্ষিক চুক্তি (Joint Venture Agreement) সম্পাদন করিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত চুক্তিতে রিয়েল এস্টেট উন্নয়ন বাবদ ডেভেলপারের প্রাপ্ত অংশের পরিমাণ উল্লেখপূর্বক প্রাপ্ত অংশ ডেভেলপারের মনোনীত ক্রেতা বরাবর দলিল সম্পাদন ও রেজিস্ট্রেশন করিয়া দেওয়ার ক্ষমতা প্রদানের লক্ষ্যে ডেভেলপার বরাবর আম-মোক্তারনামা দলিল সম্পাদনের শর্ত উল্লেখসহ ভূমি উন্নয়ন বা নির্মাণ কাজ শুরু ও শেষ করিবার সময় উল্লেখ থাকিবে।

(৩) উপ-ধারা (১) এ উল্লিখিত চুক্তির শর্ত অনুযায়ী রিয়েল এস্টেট উন্নয়ন বা নির্মাণ কাজ শুরু ও শেষ করিতে হইবে।

১১। রিয়েল এস্টেট এর সুবিধাদি।Í(১) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ অনুযায়ী নাগরিক সুবিধাদি, যতদূর সম্ভব, নিশ্চিত করিতে হইবে।

(২) ডেভেলপার কর্তৃক নির্মিত সকল প্রকার রিয়েল এস্টেট।

(ক) আলো-বাতাস চলাচলের উপযোগী হইতে হইবে;

(খ) হস্তান্তরের পূর্বে উহাতে সকল প্রকার ইউটিলিটি সার্ভিস যেমন পানি, বিদ্যুৎ, গ্যাস ও পয়ঃনিষ্কাশন, বর্জ্যব্যবস্থাপনা, অগ্নি নিরোধক ব্যবস্থা, ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সংযোগ থাকিতে হইবে; এবং

(গ) হস্তান্তরের পর নির্মাণ সংক্রান্ত ত্রুটির কারণে মেরামতের প্রয়োজন হইলে হস্তান্তরের তারিখ হইতে অনূ্যন ২ (দুই) বৎসর পর্যন্ত ডেভেলপারের নিজ খরচে উক্ত মেরামত কাজ সম্পন্ন করিতে হইবে।

(৩) পক্ষগণের মধ্যে সম্পাদিত চুক্তির শর্ত অনুযায়ী প্রত্যেক ডেভেলপারকে রিয়েল এস্টেট হস্তান্তরের পর অনূ্যন ১ (এক) বৎসর পর্যন্ত উহার রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(৪) রিয়েল এস্টেট এর অনুমোদিত নকশার ব্যত্যয় (deviation) ঘটাইয়া উহাতে কোন সুযোগ-সুবিধা হ্রাস বা কমন স্পেস এর পরিবর্তন করা যাইবে না।

(৫) প্রত্যেক ডেভেলপারকে ক্রেতার অনুকূলে রিয়েল এস্টেট বরাদ্দের সময় প্রকল্পের স্থাপত্য নকশায় এবং লে-আউটে চিহ্নিত নাগরিক সুযোগ-সুবিধাদি সম্পর্কিত তথ্য সম্বলিত বিবরণী প্রদান করিতে হইবে।

#### পঞ্চম অধ্যায়

#### মূল্য পরিশোধ, দখল হস্তান্তর, ইত্যাদি

১২। রিয়েল এস্টেট এর মূল্য পরিশোধের নিয়মাবলী।Í(১) প্রসপেক্টাস বা বরাদ্দপত্রে উল্লিখিত নিয়ম অনুযায়ী ক্রেতা রিয়েল এস্টেট এর মূল্য ব্যাংকের মাধ্যমে পরিশোধ করিবে।

(২) অবকাঠামোগত উন্নয়ন ও বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি সরবরাহপূর্বক বিক্রয় বা বরাদ্দকৃত রিয়েল এস্টেটসমূহ দখল হস্তান্তরের উপযোগী না হওয়া পর্যন্ত কিস্তির অর্থ ব্যতীত কোন সুদ নেওয়া যাইবে না।

১৩। রিয়েল এস্টেট এর সেবাসমূহ (utility services) নিশ্চিতকরণ।Í(১) প্রসপেক্টাস বা বরাদ্দপত্রে বর্ণিত সেবাসমূহ যেমন : পানি, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সংযোগ প্রদানের ক্ষেত্রে ডেভেলপার রিয়েল এস্টেট হস্তান্তরের পূর্বেই কার্যকর উদ্যোগ গ্রহণ করিবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী উদ্যোগ গ্রহণ সত্ত্বেও, সেবা প্রদানকারী সংস্থাসমূহের সীমাবদ্ধতার কারণে যথাসময়ে সংযোগ প্রদান করা সম্ভব না হইলে এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহে সেবা প্রাপ্তির দরখাস্ত দাখিলপূর্বক উদ্যোগ অব্যাহত রাখিলে ডেভেলপারকে ব্যর্থতার জন্য দায়ী করা যাইবে না।

১৪। ক্রেতা কর্তৃক এককালীন মূল্য বা কিস্তি পরিশোধে ব্যর্থতা।Í(১) ক্রেতা কর্তৃক স্থিরীকৃত সময়ের মধ্যে রিয়েল এস্টেট এর এককালীন মূল্য বা কিস্তির মূল্য পরিশোধে ব্যর্থতার ফলাফল সম্পর্কে প্রসপেক্টাস বা বরাদ্দপত্রে বিশদ উল্লেখ থাকিতে হইবে।

(২) চুক্তিতে বা বরাদ্দপত্রে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, কোন কারণে রিয়েল এস্টেট ক্রেতা এককালীন মূল্য বা কিস্তির অর্থ পরিশোধে ব্যর্থ হইলে ক্রেতাকে, রেজিস্টার্ড ডাকযোগে, অনূন ৬০ (ষাট) দিনের পূর্ব নোটিশ প্রদান ব্যতীত তাহার রিয়েল এস্টেট এর বরাদ্দ বাতিল করা যাইবে না।

(৩) উপ-ধারা (২) এ বর্ণিত বরাদ্দ বাতিলের ক্ষেত্রে ক্রেতার জমাকৃত অর্থ বরাদ্দ বাতিল আদেশের পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে প্রাপকের হিসাবে প্রদেয় (account payee) চেকের মাধ্যমে একত্রে ফেরত প্রদান করিতে হইবে।

(৪) উপ-ধারা (২) এ বর্ণিত বিধান অনুযায়ী কোন ক্রেতা বিলম্বে কিস্তির অর্থ পরিশোধ করিতে চাহিলে, দেয় কিস্তির উপর বিলম্বিত সময়ের জন্য কিস্তির অর্থের উপর ১০% হারে সুদ প্রদান সহকারে কিস্তি পরিশোধ করিতে পারিবে।

(৫) উপ-ধারা (৪) এ বর্ণিত বিধান অনুযায়ী ক্রেতা সর্বসাকুল্যে ৩ (তিন) বার কিস্তির অর্থ পরিশোধে বিলম্ব করিলে ডেভেলপার সংশ্লিষ্ট ক্রেতার বরাদ্দ বাতিল করিতে পারিবে।

১৫। ডেভেলপার কর্তৃক রিয়েল এস্টেট হস্তান্তরে ব্যর্থতা।—(১) চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ডেভেলপার রিয়েল এস্টেট হস্তান্তরে ব্যর্থ হইলে রিয়েল এস্টেট এর মূল্য বাবদ পরিশোধিত সমুদয় অর্থ চুক্তিতে নির্ধারিত পরিমাণ ক্ষতিপূরণসহ ৬ (ছয়) মাসের মধ্যে প্রাপকের হিসাবে প্রদেয় (account payee) চেকের মাধ্যমে ফেরৎ প্রদান করিবে :

তবে শর্ত থাকে যে, ক্রেতা ও ডেভেলপার যৌথ সম্মতিতে রিয়েল এস্টেট হস্তান্তরের সময়সীমা সম্পূর্ণক চুক্তির মাধ্যমে বর্ধিত করিলে উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী ক্রেতাকে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত ক্ষতিপূরণের পরিমাণ বা হার পক্ষগণের মধ্যে সম্পাদিত চুক্তিপত্রে উল্লেখ না থাকিলে পরিশোধিত সমুদয় অর্থের উপর ১৫% হারে ক্ষতিপূরণ নির্ধারিত হইবে এবং ডেভেলপার অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে অনূর্ধ্ব ৩ (তিন) কিস্তিতে ক্ষতিপূরণের অর্থসহ সমুদয় অর্থ পরিশোধ করিবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এ বর্ণিত ক্ষতিপূরণের সময় গণনার ক্ষেত্রে সমুদয় অর্থ পরিশোধের তারিখ পর্যন্ত ক্ষতিপূরণ সময় গণনা করিতে হইবে।

১৬। **রিয়াল এস্টেট বন্ধক, ইত্যাদি।—**(১) ডেভেলপার কর্তৃক বন্ধককৃত কোন রিয়াল এস্টেট ক্রেতা বরাবর বিক্রয় করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, ক্রেতার সম্মতিতে বরাদ্দকৃত কোন রিয়াল এস্টেট ডেভেলপার কর্তৃক কোন ব্যক্তি, ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক (mortgage) রাখা যাইবে।

(২) ডেভেলপার কর্তৃক নির্মাণাধীন বা নির্মিত রিয়াল এস্টেট সম্পূর্ণভাবে বা উহার অংশবিশেষ কোন ব্যক্তি, ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানের নিকট ভূমি মালিকের সম্মতিক্রমে ডেভেলপার কর্তৃক বন্ধক (mortgage) রাখা যাইবে :

তবে শর্ত থাকে যে, হস্তান্তর দলিল সম্পাদনের পূর্বেই ডেভেলপারকে সংশ্লিষ্ট রিয়াল এস্টেট বন্ধক হইতে দায়মুক্ত করিতে হইবে।

১৭। **ক্রেতা কর্তৃক অর্থ ফেরত গ্রহণের নিয়মাবলী।—**কোন কারণে ক্রেতা লিখিত আবেদনের মাধ্যমে তাঁহার অনুকূলে প্রদত্ত বরাদ্দ বাতিলপূর্বক পরিশোধিত অর্থ ফেরত গ্রহণ করিতে চাহিলে, ডেভেলপার আনুষঙ্গিক ব্যয় বাবদ পরিশোধিত অর্থের ১০% অর্থ কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ক্রেতাকে ৩ (তিন) মাসের মধ্যে এককালীন চেক বা পে-অর্ডারের মাধ্যমে ফেরত প্রদান করিবে।

১৮। **স্থাপত্য নকশা বা দখল হস্তান্তর পত্র প্রদান।—**(১) এপার্টমেন্ট বা ফ্ল্যাট বা ফ্লোর স্পেস ক্রয় বা বিক্রয়ের চুক্তিপত্র বা বরাদ্দপত্রে প্রস্তাবিত ভবনে যে সকল ফিটিংস, ফিন্ডার, ইত্যাদি ব্যবহার করা হইবে উহার বিবরণী সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(২) স্থাপত্য ও কাঠামো নকশা প্রণয়ন করিবার সময় Building Construction Act, 1952 (Act No. II of 1953) এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন স্থপতি, প্রকৌশলী ও সংশ্লিষ্ট কারিগরী ব্যক্তিবর্গের দ্বারা নকশা প্রণয়ন ও তদারকির ব্যবস্থা করিতে হইবে।

(৩) স্থাপত্য ও কাঠামো নকশা (Structural design) প্রণয়নে প্রযোজ্য ইমারত নির্মাণ বিধিমালা ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুসরণ করিত হইবে।

(৪) উপ-ধারা (৩) এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত ভিন্ন কোন কারিগরী বিষয়ের জন্য ডেভেলপার প্রকৌশলী বা স্থপতি এর যৌথ ব্যবস্থায় আন্তর্জাতিক মানের কোড অনুসরণ করা যাইবে।

(৫) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অনুমোদিত নকশার কোনরূপ পরিবর্তন করা যাইবে না।

(৬) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এপার্টমেন্ট বা ফ্ল্যাট বা ফ্লোর স্পেস এর স্থাপত্য নকশা এবং অনুমোদিত কারিগরী ব্যক্তি কর্তৃক প্রণীত কাঠামো নকশা (Structural design) ও বিল্ডিং সার্ভিসেস (ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, প্লাম্বিং, ইত্যাদি) এর নকশার কপি এবং দখল হস্তান্তর পত্র বা ডেভেলপার কর্তৃক প্রতিস্বাক্ষর করিয়া ক্রেতাকে প্রদান করিতে হইবে।

### ষষ্ঠ অধ্যায়

#### অপরাধ, বিচার ও দণ্ড

১৯। নিবন্ধন ব্যতীত রিয়েল এস্টেট উন্নয়ন কাজ করিবার দণ্ড।—কোন ব্যক্তি ধারা ৫ এর অধীন নিবন্ধন গ্রহণ না করিয়া কোন রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনা করিলে তিনি অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত অপরাধের জন্য অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২০। অনুমোদন ব্যতীত রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের কাজ শুরু করিবার দণ্ড।—কোন ডেভেলপার যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতীত কোন রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের কাজ শুরু করিলে কিংবা অননুমোদিত রিয়েল এস্টেট প্রকল্পের বিজ্ঞাপন প্রচার বা বিক্রয় করিলে অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

২১। সেবাসমূহের (utility services) সংযোগ প্রদান না করিবার দণ্ড।—ধারা ১৩ তে বর্ণিত বিধান লংঘনের জন্য ডেভেলপার অনূর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থ দণ্ডে, অনাদায়ে অনূর্ধ্ব ১ (এক) বৎসর বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবে।

২২। নোটিশ ব্যতীরেকে বরাদ্দ বাতিল বা স্থগিত করিবার দণ্ড।—ধারা ১৪ এর বিধান লংঘন করিয়া কোন ডেভেলপার রিয়েল এস্টেটের বরাদ্দ বাতিল করিলে অনূর্ধ্ব ১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৩। রিয়েল এস্টেট বন্ধক রাখিবার দণ্ড।—ধারা ১৬ এ বর্ণিত বিধান লংঘন করিয়া কোন ডেভেলপার রিয়েল এস্টেট বন্ধক রাখিলে ১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৪। চুক্তিবদ্ধ রিয়েল এস্টেট পরিবর্তন করিবার দণ্ড।—কোন ডেভেলপার চুক্তিতে প্রতিশ্রুত রিয়েল এস্টেট ক্রেতার নিকট বিক্রয় না করিয়া, ক্রেতার অজ্ঞাতে, অবৈধভাবে লাভবান হইবার উদ্দেশ্যে, অন্যত্র বিক্রয় করিলে অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ২০ (বিশ) লক্ষ টাকা অর্থ দণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৫। প্রতিশ্রুত নির্মাণ উপকরণ ব্যবহার না করিবার দণ্ড।—কোন ডেভেলপার ক্রেতার সহিত সম্পাদিত চুক্তির অধীন প্রতিশ্রুত নির্মাণ উপকরণের পরিবর্তে, অবৈধভাবে লাভবান হইবার উদ্দেশ্যে, নিম্নমানের উপকরণ ব্যবহার করিলে বা যথাযথ পরিমাণ নির্মাণ সামগ্রী ব্যবহার না করিলে অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ২০ (বিশ) লক্ষ টাকা অর্থ দণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৬। অনুমোদিত নকশা বহির্ভূত নির্মাণের দণ্ড।—কোন ডেভেলপার অনুমোদিত নকশা বহির্ভূতভাবে রিয়েল এস্টেট নির্মাণ করিলে অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ২০ (বিশ) লক্ষ টাকা অর্থ দণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৭। ডেভেলপার কর্তৃক প্রতারণামূলক অপরাধের দণ্ড।—যদি কোন ডেভেলপার কোন ভূমির মালিকের সহিত রিয়েল এস্টেট উন্নয়ন বিষয়ে চুক্তি সম্পাদন করিয়া বা ক্রেতা বরাবর রিয়েল এস্টেটের বরাদ্দপত্র সম্পাদন করিয়া তদনুযায়ী কোন কার্যক্রম গ্রহণ না করে বা আংশিক কার্যক্রম গ্রহণ করিয়া বিনা কারণে অবশিষ্ট কাজ অসম্পাদিত অবস্থায় ফেলিয়া রাখে এবং তজ্জন্য ভূমির মালিককে বা, ক্ষেত্রমত, ক্রেতাকে কোনরূপ আর্থিক সুবিধা প্রদান না করে তাহা হইলে উহা এই আইনের অধীন একটি প্রতারণামূলক অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য ডেভেলপার অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৮। ভূমির মালিক কর্তৃক নির্দিষ্ট সময়ে ডেভেলপার বরাবরে ভূমির দখল হস্তান্তর না করিবার দণ্ড।—কোন ডেভেলপারের সহিত কোন ভূমির মালিক রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য চুক্তিবদ্ধ হইবার পর চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভূমির দখল ডেভেলপারের অনুকূলে হস্তান্তর না করিলে অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

২৯। ভূমির মালিক কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা বাতিলের দণ্ড।—কোন ডেভেলপারের সহিত কোন ভূমির মালিক রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য চুক্তিবদ্ধ হইবার পর চুক্তির শর্ত মোতাবেক ডেভেলপারের অনুকূলে সম্পাদিত রেজিস্ট্রার্ড আম-মোক্তারনামা অনূ্যন ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ না দিয়া বাতিল করিলে অনূর্ধ্ব ২ (দুই) বৎসরের কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।



৩০। ডেভেলপার কর্তৃক ভূমির মালিকের অংশ বুঝাইয়া না দেওয়ার দন্ড।—কোন ভূমির মালিকের সহিত কোন ডেভেলপার কোন রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য চুক্তিবদ্ধ হইবার পর চুক্তির শর্ত মোতাবেক রিয়েল এস্টেট উন্নয়ন যথাযথভাবে সম্পন্ন করিয়া নির্ধারিত সময়ের মধ্যে ভূমির মালিকের অংশ ভূমির মালিকের অনুকূলে হস্তান্তর না করিলে কিংবা ক্ষেত্রমত, দখল বুঝাইয়া না দিলে অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদন্ড অথবা ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবে।

৩১। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।—এই আইনের অধীন কোন ডেভেলপার নিগমিত (incorporated) কোম্পানী হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক বা কোন কর্মকর্তা যাহার জ্ঞাতসারে এবং অংশগ্রহণে এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইবে তিনি উক্ত অপরাধের জন্য ব্যক্তিগতভাবে দায়ী হইবেন।

৩২। অপরাধ বিচারার্থ গ্রহণ, ইত্যাদি।—অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন দণ্ডনীয় অপরাধসমূহ আপোষযোগ্য (compoundable), জামিনযোগ্য (bailable) এবং অ-আমলযোগ্য (non-cognizable) হইবে।

৩৩। বিচার।—(১) ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

(২) এই আইনে ভিন্নতর কিছু না থাকিলে, এই আইনের অধীন সংঘটিত অপরাধের বিচার সংক্ষিপ্ত পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে এবং এতদুদ্দেশ্যে ফৌজদারী কার্যবিধির Chapter XXII তে বর্ণিত পদ্ধতি, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।

৩৪। অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।—ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট দোষী সাব্যস্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনে অনুমোদিত যে কোন দণ্ড আরোপ করিতে পারিবে।

৩৫। আদায়কৃত অর্থ বণ্টন।—(১) এই অধ্যায়ের অধীন দোষী সাব্যস্ত ও দণ্ডিত ডেভেলপারের নিকট হইতে অর্থ দণ্ড বাবদ কোন অর্থ আদায় হইলে আদালত আদায়কৃত অর্থের অনূর্ধ্ব ৫০% ক্ষতিগ্রস্ত ভূমি মালিক বা ক্ষেত্রমত, ক্রেতার অনুকূলে এবং অবশিষ্ট অংশ রাষ্ট্রের অনুকূলে প্রদান করার আদেশ দিতে পারিবে।

(২) আদালত উপ-ধারা (১) এর অধীন বণ্টন সম্পর্কিত কোন আদেশ প্রদান না করিলে সমুদয় অর্থ রাষ্ট্রের অনুকূলে জমাকৃত হইবে।

## সপ্তম অধ্যায়

## বিবিধ

৩৬। বিরোধ নিষ্পত্তি।—(১) রিয়েল এস্টেট প্রকল্প বাস্তবায়নের যে কোন পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট ক্রেতা, ডেভেলপার, অথবা ভূমির মালিকের মধ্যে এই আইনের ধারা ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭, ২৮, ২৯ এবং ৩০ এ বর্ণিত অপরাধের জন্য বা তাহাদের মধ্যে সম্পাদিত চুক্তির কোন বিধান লঙ্ঘনের জন্য মতবিরোধের সৃষ্টি হইলে পক্ষগণ, প্রথমে নিজেদের মধ্যে আপোষ উহা নিষ্পত্তির চেষ্টা করিবেন।

(২) উপ-ধারা (১) অনুযায়ী আপোষের পদক্ষেপ গ্রহণের পর যদি কোন পক্ষের অসহযোগিতার জন্য উহা ব্যর্থ হয় তবে অপর পক্ষ বিবাদমান বিষয়টি নিষ্পত্তির জন্য সালিস আইন, ২০০১ মোতাবেক সালিসী ট্রাইব্যুনালে যাওয়ার অভিপ্রায় ব্যক্ত করিয়া অপর পক্ষকে নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন নোটিশ প্রাপক উক্ত নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নোটিশ প্রেরকের সহিত যৌথভাবে সালিসী ট্রাইব্যুনাল গঠন করিবেন।

(৪) সালিস আইন, ২০০১ এ যাহা কিছুই থাকুক না কেন, পক্ষগণ কর্তৃক গঠিত সালিসী ট্রাইব্যুনালের রোয়েদাদ পক্ষগণ এবং তাহাদের মাধ্যমে বা অধীনে দাবীদার যে কোন ব্যক্তির উপর বাধ্যকর হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে কোন পক্ষের আপত্তি উত্থাপনের অধিকার থাকিবে না।

(৫) উপ-ধারা (৩) মোতাবেক পক্ষগণ সালিসী ট্রাইব্যুনাল গঠনে ব্যর্থ হইলে যে কোন পক্ষ বিবাদমান বিষয়টি বিচারের জন্য এই আইনের অধীন উপযুক্ত আদালতে মামলা দায়ের করিতে পারিবেন।

৩৭। চলমান প্রকল্পের ক্ষেত্রে এই আইনের প্রয়োগ।—এই আইন বলবৎ হইবার অব্যবহিতপূর্বে চলমান প্রকল্পসমূহের ক্ষেত্রে ভূমি মালিক, ডেভেলপার ও ক্রেতার মধ্যে সম্পাদিত স্ব-স্ব চুক্তির বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া এই আইনের বিধানাবলী, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।

৩৮। বিধি প্রণয়নের ক্ষমতা।—(১) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষ করিয়া এবং উপ-ধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, সরকার নিম্নবর্ণিত যে কোন বিষয়ে বিধি প্রণয়ন করিতে পারিবে, যথা ঃ—

- (ক) নিবন্ধন প্রদান, নবায়ন, বাতিল ও সংশোধনের পদ্ধতি ও শর্তাবলী ;
- (খ) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন ও নবায়নের পদ্ধতি ও শর্তাবলী ;
- (গ) নিবন্ধিত ডেভেলপারদের তালিকা সংরক্ষণ ও প্রকাশ পদ্ধতি ; এবং
- (ঘ) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের লে-আউট প্ল্যান প্রণয়নের পদ্ধতি ও শর্তাবলী।

৩৯। হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।—(১) রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৫৬ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের কার্যকারিতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

প্রণব চক্রবর্তী

অতিরিক্ত সচিব

ও

সচিব (দায়িত্বপ্রাপ্ত)।



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট  
রিয়েল এস্টেট উন্নয়ন ও  
ব্যবস্থাপনা বিধিমালা-২০১১



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৫, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

উন্নয়ন শাখা-৭

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭৭-আইন/২০১১—রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। বিধিমালার নাম।—এই বিধিমালা রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(৩) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;
- (গ) “ধারা” অর্থ আইনের কোন ধারা;
- (ঘ) “নিবন্ধন সনদ” অর্থ আইনের ধারা ৫ এবং বিধি ৩(৪) এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদ;

(১৩৪০৩)

মূল্য ৪ টাকা ৮.০০

- (ঙ) “ফরম” অর্থ এই বিধিমালার কোন ফরম;
- (চ) “সরকার” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- (ছ) “রিয়েল এস্টেট ডেভেলপার বা ডেভেলপার” অর্থ আইনের ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত রিয়েল এস্টেট ডেভেলপার বা ডেভেলপার।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন, ইত্যাদি।—(১) কোন রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক ধারা ৫ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) অনুসারে নিবন্ধন গ্রহণের জন্য ধারা ৫ এর উপ-ধারা (৩) এ বর্ণিত কাগজপত্রের কপি সহ প্রযোজ্য আবেদন প্রক্রিয়াকরণ ফিস প্রদানপূর্বক সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট ফরম-১ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) ধারা ৫ এর উপ-ধারা (৪)(ক) অনুসারে কোন নিবন্ধনের আবেদন মঞ্জুর করা হইলে উহা সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ ফরম-২ অনুযায়ী আবেদনকারী বরাবর নিবন্ধন আবেদন মঞ্জুর পত্র ইস্যু করিবে এবং আবেদনকারী কর্তৃক মঞ্জুরপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রযোজ্য নিবন্ধন ফিস প্রদান করিয়া নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে।

(৩) ধারা ৫ এর উপ-ধারা (৪)(খ) অনুসারে কোন নিবন্ধনের আবেদন নামঞ্জুর করা হইলে উহা ফরম-৩ অনুযায়ী আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন আবেদনকারী মঞ্জুরপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রযোজ্য নিবন্ধন ফিস প্রদান করিলে ৫ (পাঁচ) বৎসরের জন্য ফরম-৪ অনুযায়ী তাহার বরাবর নিবন্ধন সনদ ইস্যু করা হইবে :

তবে শর্ত থাকে যে, আবেদনকারী যদি উক্ত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রযোজ্য নিবন্ধন ফিস প্রদান করিতে ব্যর্থ হন, সেক্ষেত্রে রিয়েল এস্টেট ডেভেলপার হিসাবে আবেদনকারীর অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন আবেদন মঞ্জুরপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) কোন কারণে নিবন্ধন সনদ ইস্যুর পূর্বে বা পরে নিবন্ধন সনদ সংক্রান্ত কোন বিষয়ে সংশোধনের প্রয়োজন দেখা দিলে সংশ্লিষ্ট ডেভেলপার সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট উহা সংশোধনের জন্য আবেদন করিতে পারিবে এবং এইক্ষেত্রে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ আবেদনকারীকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত সংশোধনের স্বপক্ষে যুক্তিসংগত কারণ থাকিলে উক্ত সংশোধনের আবেদন মঞ্জুর অথবা যুক্তিসঙ্গত কারণ না থাকিলে সংশোধনের আবেদন নামঞ্জুর করিতে পারিবে।



৪। **রিয়েল এস্টেট ডেভেলপারের নিবন্ধন সনদ নবায়ন, ইত্যাদি।**—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন সনদ নবায়নের জন্য প্রযোজ্য নিবন্ধন সনদ নবায়ন প্রক্রিয়াকরণ ফিস প্রদানপূর্বক সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট ফরম-৫ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে নিবন্ধন সনদ নবায়নের আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা যাচাই-বাছাই পূর্বক সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, আবেদনকারী আইনের কোন বিধান বা নিবন্ধন সনদে বর্ণিত কোন শর্ত লঙ্ঘন করেন নাই তাহা হইলে নিবন্ধন সনদ নবায়নের আবেদন মঞ্জুর করিবে এবং উহা ফরম-৬ অনুযায়ী আবেদনকারীকে অবহিত করিবে অথবা সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, আবেদনকারী আইনের কোন বিধান বা নিবন্ধন সনদে বর্ণিত কোন শর্ত লঙ্ঘন করিয়াছেন তাহা হইলে নিবন্ধন সনদ নবায়নের আবেদন নামঞ্জুর করিবে এবং উহা ফরম-৭ অনুযায়ী আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন অবহিত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রযোজ্য নিবন্ধন সনদ নবায়ন ফিস প্রদান করিলে ৫ (পাঁচ) বৎসরের জন্য ফরম-৮ অনুযায়ী আবেদনকারীর বরাবর একটি নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করা হইবে :

তবে শর্ত থাকে যে, আবেদনকারী যদি উক্ত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রযোজ্য নিবন্ধন নবায়ন ফিস প্রদান করিতে ব্যর্থ হন সেক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ নবায়নের আবেদন মঞ্জুরপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী নিবন্ধন সনদ নবায়নের আবেদন মঞ্জুর বা নামঞ্জুর না হওয়া পর্যন্ত নিবন্ধন সনদটি কার্যকর রহিয়াছে বলিয়া গণ্য হইবে এবং তদানুসারে নিবন্ধন সনদ গ্রহীতা রিয়েল এস্টেট ডেভেলপার হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(৫) কোন কারণে নিবন্ধন সনদ নবায়নের পূর্বে বা পরে উক্তরূপ নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত কোন বিষয়ে সংশোধনের প্রয়োজন দেখা দিলে সংশ্লিষ্ট ডেভেলপার সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট উহা সংশোধনের জন্য আবেদন করিতে পারিবে এবং এইক্ষেত্রে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ আবেদনকারীকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত সংশোধনের স্বপক্ষে যুক্তিসঙ্গত কারণ থাকিলে উক্ত সংশোধনের আবেদন মঞ্জুর অথবা যুক্তিসঙ্গত কারণ না থাকিলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

৫। **রিয়েল এস্টেট ডেভেলপারের নিবন্ধন সনদ বাতিলকরণ, ইত্যাদি।**—(১) নিবন্ধিত রিয়েল এস্টেট ডেভেলপার আইন বা এই বিধিমালার কোন বিধান অথবা নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদের কোন শর্ত লঙ্ঘন করিলে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ডেভেলপারকে ১৫ দিনের কারণ দর্শানোর নোটিশ এবং যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত ডেভেলপারের নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ বাতিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন সনদ বাতিল করা হইলে উক্ত কর্তৃপক্ষ অবিলম্বে উহা সরকারকে অবহিত করিবে।

(৩) আইনের বিধান লঙ্ঘনের অপরাধে দণ্ডিত হইলে অথবা নিবন্ধন সনদ বাতিল করা হইলে সরকার বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিবন্ধিত ডেভেলপারের দণ্ড অথবা সনদ বাতিলের বিষয়টি জনস্বার্থে প্রচার করিবে, তবে নিবন্ধন সনদ বাতিল করা হইলেও সংশ্লিষ্ট ডেভেলপার উক্ত বাতিলের পূর্ববর্তী অনুমোদিত প্রকল্পসমূহের বাস্তবায়ন, বিপণন, হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ করিতে পারিবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে কোন নিবন্ধন সনদ বাতিল করা হইলে উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে সংশ্লিষ্ট ডেভেলপার উক্ত বাতিল আদেশ রহিতকরণ বা পুনঃবিবেচনার জন্য সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে এবং এইক্ষেত্রে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ আবেদনকারীকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত আবেদন মঞ্জুর অথবা নামঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুর বা নামঞ্জুর এর বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরকারকে অবহিত করিবে।

৬। রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন, নবায়ন ও লে-আউট প্ল্যান প্রণয়ন, ইত্যাদি।—(১) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন, নবায়ন ও লে-আউট প্ল্যান প্রণয়ন, বেসরকারী আবাসিক প্রকল্প অনুমোদন সংশ্লিষ্ট সকল কার্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডেভেলপারকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে প্রযোজ্য ক্ষেত্রে নিম্নবর্ণিত আইন, বিধিমালা, কোড এবং বিধি-বিধানসমূহ অনুসরণপূর্বক অনুমোদন গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

- (ক) সমগ্র বাংলাদেশের জন্য Building Construction Act, 1952 (E.B. Act No. II of 1953) এবং তদধীন প্রণীত বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (Bangladesh National Building Code);
- (খ) সমগ্র বাংলাদেশের জন্য বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪;
- (গ) ঢাকা মহানগর পরিকল্পনাভুক্ত এলাকার জন্য Town Improvement Act, 1953 (E.B. Act No. XIII of 1953) এবং Building Construction Act, 1952 (E.B. Act No. II of 1953) এর অধীন প্রণীত ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮;
- (ঘ) চট্টগ্রাম মহানগর পরিকল্পনাভুক্ত এলাকার জন্য Chittagong Development Authority Ordinance, 1959 (Ordinance No. LI of 1959) এবং Building Construction Act, 1952 (E.B. Act No. II of 1953) এর অধীন প্রণীত চট্টগ্রাম মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮;

- (ঙ) ঢাকা মহানগর ও চট্টগ্রাম মহানগর পরিকল্পনাভূক্ত এলাকা ব্যতীত সমগ্র বাংলাদেশের জন্য Building Construction Act, 1952 (E.B. Act No. II of 1953) এর অধীন প্রণীত ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬;
- (চ) রাজশাহী মহানগর এলাকার জন্য Rajshahi Town Development Authority Ordinance, 1976 (Ordinance No. LXXVIII of 1976);
- (ছ) খুলনা মহানগর এলাকার জন্য Khulna Development Authority Ordinance, 1961 (Ordinance No. II of 1961);
- (জ) বাংলাদেশের সকল পৌর এলাকার জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন);
- (ঝ) বাংলাদেশের সকল ক্যান্টনমেন্ট বোর্ড এর অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য Cantonments Act, 1924 (Act No. II of 1924) প্রযোজ্য হইবে।

(২) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প বা লে-আউট প্ল্যান অনুমোদনের পূর্বে বা পরে ডেভেলপার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট রিয়েল এস্টেট প্রকল্প বা লে-আউট প্ল্যান সংশোধনের জন্য আবেদন করিতে পারিবে এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ বর্ণিত আইন, বিধিমালা, কোড ও বিধি-বিধানসমূহ অনুসরণ করিয়া সিদ্ধান্ত প্রদান করিবে।

৭। নিবন্ধিত ডেভেলপারদের তালিকা সংরক্ষণ ও প্রকাশ, ইত্যাদি।—আইনের ধারা ৩৮ এর উপ-ধারা (২) এর দফা (গ) এর উদ্দেশ্যপূরণকল্পে সরকার বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ তদকর্তৃক নিবন্ধিত ও নবায়নকৃত ডেভেলপারের হালনাগাদ তালিকা সংরক্ষণ ও উক্ত তালিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবে এবং প্রতি বৎসর ডিসেম্বর মাসে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হালনাগাদ তালিকা সরকারের নিকট প্রেরণ করিবে।

৮। ফিস নির্ধারণ, ইত্যাদি।—(১) সরকার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরকারের অনুমতি সাপেক্ষে, প্রজ্ঞাপন বা অফিস আদেশ দ্বারা, আবেদন প্রক্রিয়াকরণ ফিস, নিবন্ধন ফিস, নিবন্ধন সনদ নবায়ন প্রক্রিয়াকরণ ফিস এবং নিবন্ধন সনদ নবায়ন ফিস নির্ধারণ করিতে পারিবে।

(২) আবেদন পত্রের সহিত বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে উপ-বিধি (১) এ উল্লিখিত ফিস প্রদান করিতে হইবে।

**ফরম-১**

রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন আবেদনপত্র

[বিধি ৩(১) দ্রষ্টব্য]

রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন আবেদনপত্র

ক্রমিক নম্বরঃ

- ১। আবেদনকারী/আবেদনকারীগণের নাম (প্রতিষ্ঠানের  
ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম) :
- ২। ঠিকানা : (ক) স্থায়ী  
(খ) বর্তমান :
- ফোনঃ ফ্যাক্সঃ  
সেল ফোনঃ ই-মেইলঃ
- ৩। আবেদনকারী ব্যক্তি/ব্যক্তি সমষ্টি/প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট  
তথ্যাদি ও দলিলাদির বিবরণ :
- (ক) ট্রেড লাইসেন্স (সনদের সত্যায়িত ফটোকপি  
সংযুক্ত করিতে হইবে) :
- ৪.১.১৩ মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহর এবং দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণের জন্য প্রণীত (২০০০ সনের ৩৬ নং) আইনের বিধান অনুযায়ী খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার হিসেবে চিহ্নিত জায়গার শ্রেণি পরিবর্তন করা যাবে না বা অনুরূপ ব্যবহার করার জন্য ভাড়া, ইজারা বা হস্তান্তর করা যাবে না এবং এই বিধানের উদ্দেশ্য পূরণে কোন উদ্যানের মৌলিক বৈশিষ্ট্য নষ্ট হয়, এমন কোন বৃক্ষ বা বৃক্ষরাজির নিধনকে শ্রেণি পরিবর্তন হিসাবে গণ্য করা হবে।

## ৪.২ ভূমি

নির্মাণযোগ্য ভূমির স্বল্পতা, জমির উচ্চমূল্য ও স্বল্পবিত্ত গোষ্ঠীর পক্ষে জমি প্রাপ্তির সংকট দূর করতে সরকার নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করবে:

- ৪.২.১. বিভিন্ন আয়ের মানুষ, বিশেষ করে দরিদ্রতম জনগোষ্ঠীর প্রতি লক্ষ রেখে যথাযথ গৃহায়ণের জন্য সরকারের পরিকল্পিত নগরায়ণ ও ভূমি ব্যবহার নির্দেশনার ভিত্তিতে প্রতিষ্ঠিত নগর এলাকার কাছাকাছি গ্রামীণ ভূমিকে এ ক্ষেত্রে চিহ্নিত করে আবাসিক ব্যবহারের জন্য নির্দিষ্ট করা হবে।
- পরিবেশগতভাবে স্পর্শকাতর ও সংকটাপন্ন যেমন, বন্যা কবলিত এলাকা ও উর্বর কৃষিজমি এর বাইরে থাকবে। ভূমি নির্বাচন ও ভূমি উন্নয়নের ক্ষেত্রে নিশ্চিত করতে হবে যেন কোনভাবেই চিহ্নিত বন্যাপ্রবাহ এলাকার ক্ষতিসাধন বা বাধাগ্রস্ত না হয়।
- ৪.২.২. পরিবেশ ও প্রতিবেশগত ভারসাম্য বজায় রাখার স্বার্থে, পরিবেশ বিপর্যয় রোধে সরকারি/বেসরকারি পর্যায়ে গৃহায়ন/আবাসন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বিদ্যমান নদী বা নদীর অংশবিশেষ, খাল বা খালের অংশবিশেষ, বিল বা বিলের অংশবিশেষ যাতে ভরাট করে আবাসনের জন্য ভূমি প্রস্তুত করা না হয় সে দিকে বিশেষ দৃষ্টি দেয়া হবে।
- ৪.২.৩. কোনো প্রকল্পের জন্য যাতে প্রয়োজনের বেশী ভূমি অধিগ্রহণ না করা হয় সেদিকে লক্ষ রাখা হবে। ভূমি অধিগ্রহণের বর্তমান পদ্ধতি ও এর আইনগত জটিলতা সহজ করে সরকার কর্তৃক অধিগ্রহণকৃত জমি গৃহায়নসহ যে কোন কাজে ব্যবহারের সুস্পষ্ট বিধান থাকবে। এ ধরনের অধিগ্রহণকৃত জমির যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ঐঙ্গিত ব্যবহার নিশ্চিত করা হবে। আবাসনের জন্য অধিগ্রহণকৃত জমির দখল দ্রুততার সাথে প্রাপ্তির বিষয় নিশ্চিত করা হবে।

4.1.12 Internal roads of residential areas, in general, cannot be used by external heavy and regular vehicles and it cannot be used as connecting roads for outsiders. But these restrictions will not be applicable in case of an emergency.

4.1.13 Designated land use of the playground, open space, park and water bodies of the megacity, Divisional Town and District Town's including country's all the municipal areas' cannot be changed to other categories or it cannot be rented, leased out or handed over for other users according to the provision of park and natural water reservoir Conservation Act, (2000 no 36). Any destruction of plant or plant body which would destroy the original characteristics of the park will be considered as change of land use category in order to attain the objective of this Act,

## **4.2 Land:**

The government will undertake the following strategies to address the issues like shortage of developable land, high land price and to solve the problem of accessibility to land by low-income populations.

4.2.1 According to the government guideline of planned urbanization and land use, rural lands close to established urban areas will be identified and demarcated for residential use and suitable housing will be planned for people of all income groups with special attention to the poorest section of the population.

Environmentally sensitive and critical areas such as flood flow zones, fertile agricultural land will be excluded from the site. During the selection of land, it needs to be ensured that no damage or encumbrance occurs to the designated flood flow zones.

4.2.2 In order to keep the environmental and ecological balance, and to stop environmental devastation, special attention will be given while undertaking housing projects at public/private level that no landfilling activity is conducted on existing rivers, part of river, canals or part of canal, oxbow lake or part of oxbow lake to prepare the land for housing.

4.2.3 It will be monitored that the amount of land acquisition for a project would not exceed the actual requirement of the project. There will be comprehensible policies regarding the use of acquired land by the government for housing and other purposes by simplifying the existing land acquisition process and its legal complexities. The targeted use of such acquired land will be guaranteed within a reasonable time. The possession of acquired land for housing will be ensured in the fastest time.

- ৪.২.৪. নগর এলাকায় বিভিন্ন সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ তাদের আওতাধীন ১০ বছরের অধিক সময় ধরে অধিগ্রহণকৃত অব্যবহৃত জমির প্রতিবেদন প্রতি বছর ভূমি মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে প্রদান করবে এবং এ সমস্ত জমি অগ্রাধিকার ভিত্তিতে আবাসনের কাজে লাগানোর ব্যবস্থা নেয়া হবে।
- ৪.২.৫. একটি আধুনিক আবাসিক ভূমিতথ্য পদ্ধতি তৈরি করা হবে এবং এ তথ্যাদি ওয়েবসাইটের মাধ্যমে জনগণের কাছে পৌঁছানোর উদ্যোগ নেয়া হবে। জমির সরবরাহ বৃদ্ধি, যথোপযুক্ত ও সময়োপযোগী ব্যবহার নিশ্চিতকরণ এবং জমির ফটকা বাজারী (Land Speculation) রোধ করার লক্ষ্যে জমি ফেলে রাখাকে নিরুৎসাহিত করার ব্যবস্থা নেয়া হবে।
- ৪.২.৬. জমির মূল্য, গৃহনির্মাণ ব্যয়, বাড়িভাড়া ন্যূনতম পর্যায়ে রাখার ব্যবস্থা করা যাতে জনগণ গৃহায়ণে উৎসাহিত হয়।
- ৪.২.৭. বিভিন্ন আয়ের মানুষ, বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর স্বার্থ ও উন্নয়ন কর্মকাণ্ডের জন্য পরিকল্পিত নগরায়ন ও ভূমি ব্যবহার নীতিমালার ভিত্তিতে একটি আধুনিক ও উপযোগী পদ্ধতির মাধ্যমে ভৌত অবকাঠামো ও নাগরিক সেবা সম্বলিত জমির প্রাপ্যতা বৃদ্ধি করা হবে। এটা প্রচলিত বরংব্ ববৎরপব প্রকল্প, ভূমি পুনর্বিন্যাস (Land re-adjustment) এবং অন্যান্য আধুনিক ও উপযোগী পদ্ধতির মাধ্যমে করা হবে।
- ৪.২.৮. বেসরকারি উদ্যোক্তাদের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের গৃহায়ণের জন্য ভূমি উন্নয়ন, পরিবেশগত অবকাঠামো উন্নয়ন এবং বাড়ি নির্মাণে উৎসাহিত করা হবে। এ ব্যাপারে সরকার বিভিন্ন সুবিধা প্রদানের মাধ্যমে প্রণোদনা যোগাবে।
- ৪.২.৯. সম্পদের সুষম বন্টনের উদ্দেশ্যে উন্নয়নকৃত সরকারী প্লট বরাদ্দের ক্ষেত্রে দরিদ্র ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ বরাদ্দ কোটার ব্যবস্থা রাখা হবে। সমবায় সমিতি ও অলাভজনক সংস্থার ভূমি উন্নয়ন কর্মকাণ্ডকে বিশেষ উৎসাহ দেয়া হবে।
- ৪.২.১০. প্রতি ইউনিট জমিতে গৃহনির্মাণের সর্বাধিক সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাড়ি নির্মাণের জন্য জমির পরিমাণ যুক্তিসঙ্গত পর্যায়ে রাখা হবে। প্লট যৌথভাবে একাধিক জনকে দেয়ার ব্যবস্থা করা হবে। জমির ব্যবহার সাশ্রয়ের জন্য উঁচু ভবন নির্মাণে উৎসাহ প্রদান করা হবে। Floor Area Ratio (FAR)-এর ভিত্তিতে পরিবেশবান্ধব সর্বাধিক সংখ্যক বাসস্থান ও কাজিহিত ঘনত্ব সৃষ্টিতে সহায়ক ইমারত নির্মাণ বিধিমালা প্রয়োগ করতে হবে।
- ৪.২.১১. নগর এলাকায় যে সকল পতিত খাস জমি অব্যবহৃত অবস্থায় রয়েছে, সেগুলো নিয়ে গৃহায়ন প্রক্রিয়া বাস্তবায়নের উদ্দেশ্যে ভূমি মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে নগর ভূমি ব্যাংক সৃষ্টি করা হবে। গ্রামাঞ্চলের খাস জমি ও জেগে উঠা চর নিয়ে গ্রাম ভূমি ব্যাংক সৃষ্টি করা হবে। প্রয়োজনীয় জমি ক্রয়/ অধিগ্রহণ করে ভূমি ব্যাংককে সমৃদ্ধ করা হবে।

4.2.4. A report will be submitted every year to Land Ministry and Housing and Public Works Ministry by the government, semi-government and autonomous institutions on unutilised acquired land under their possession for more than 10 years. The effort will be given to utilise these lands for housing according to priority.

4.2.5. A state of art land database will be developed and initiatives will be taken to disseminate the information to people through the website. Initiatives will be adopted to discourage possession of vacant land to increase the supply of land, assuring appropriate and timely use of land and to stop land speculation.

4.2.6. Programs need to be taken to keep land price, the construction cost of houses, house rent at a minimal level in order to encourage people in housing.

4.2.7. The availability of land will be increased through a modern and appropriate system with physical infrastructure and civic facilities based on the policies of planned urbanisation and land use in order to uphold the interest of people of different income groups, particularly low-income people and to create development activities for them. It will be implemented through the prevailing practice of Site and Service Scheme, Land Readjustment and other modern and suitable systems.

4.2.8. Private entrepreneurs will be encouraged to develop land for housing, development of environmental infrastructure and house construction for the low and middle-income populations. In this case, the government will provide incentives by arranging different facilities.

4.2.9. To ensure equitable distribution of resources, the special quota will be kept for poor and challenged people in the allocation process of publicly developed plots. Land development activities commenced by community organisation and non-profit organisations will be given special support.

4.2.10. The amount of land use for house construction will be kept on a reasonable limit to utilise the maximum opportunity of construction of the house on a unit of land. The arrangement will be made to allocate a plot combined with a number of people. It will be encouraged to build high rise buildings to save the land. Building Construction Acts will be applied to develop the maximum number of housing units with expected density according to the Floor Area Ratio (FAR).

4.2.11. Urban Land Bank will be established in coordination with land ministry to materialize the housing development process with unutilised abundant government land (Khas Land). Land Bank will also be created in rural areas with government land (Khas Land) and accredited char land of rural areas. Land Bank will be complemented with the purchase/acquire of necessary land.

- ৪.২.১২ ভূমি মন্ত্রণালয়ের সহায়তায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক আবাসিক ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য একটি আধুনিক ভূমি তথ্যকেন্দ্র তৈরি করা হবে।
- ৪.২.১৩ ভূমি প্রশাসন, রাজস্ব আদায়, ভূমি জরিপ, ভূমি হস্তান্তর ও ভূমি নিবন্ধন পদ্ধতি সংস্কার করে আধুনিক ও সহজতর করার লক্ষ্যে একই প্রশাসনের নিয়ন্ত্রণে রাখা হবে।
- ৪.২.১৪ ভূমি উন্নয়ন উত্তর উচ্চবিভূক্তির আবাসন ও শিল্প-বাণিজ্যিক ধরনের অনাবাসিক ব্যবহারকারীর কাছে যথাযথ মূল্যে জমি বরাদ্দের ব্যবস্থা রেখে প্রাপ্ত মুনাফা দিয়ে নিম্নবিভূক্তির জমি প্রদানের ক্ষেত্রে ভর্তুকি দেয়া হবে। ফ্ল্যাটের ক্ষেত্রেও একই ব্যবস্থা নেয়া হবে।
- ৪.২.১৫ যথাযথ ভূমি ব্যবহার নিশ্চিত করার জন্য স্থানীয় পর্যায়ে (উপজেলা ও জেলা পর্যায়) জাতীয় ভূমি ব্যবহার নীতিমালা-২০০১ অনুসরণ করা হবে।

### ৪.৩. অর্থায়ন

গৃহায়নের ক্ষেত্রে প্রচলিত বিনিয়োগ ব্যবস্থায় কাঠামোগত দুর্বলতা ও সম্পদের অপ্রতুলতার কারণে সমাজের বৃহত্তর অংশই প্রাতিষ্ঠানিক অর্থায়নের আওতা বহির্ভূত। এ সব অসুবিধা কাটিয়ে গৃহায়ণে অর্থায়ন ব্যবস্থার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেয়া হবে:

- ৪.৩.১ জাতীয় উন্নয়ন পরিকল্পনায় গৃহায়নকে একটি স্বতন্ত্র অর্থনৈতিক খাত হিসাবে চিহ্নিত করে একে যথাযথ অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৪.৩.২ গৃহায়ন কার্যক্রমে সহজ শর্তে ঋণ পাওয়ার পরিধি প্রসারিত করা হবে এবং গৃহায়নে অর্থায়ন পদ্ধতিসমূহ সহজ করা হবে। গৃহায়ন খাতে বিনিয়োগে পিপিপি পদ্ধতিকে উৎসাহিত করা হবে।
- ৪.৩.৩ পুরনো বাড়ি মেরামত বা পরিবর্তন ইত্যাদি গৃহায়ন সংশ্লিষ্ট কাজে অর্থায়ন ও সহজ শর্তে ঋণপ্রকল্প চালু করা হবে।
- ৪.৩.৪ যে সকল প্রতিষ্ঠান ভূমি উন্নয়ন, গৃহনির্মাণ এবং অর্থায়নের কাজে পরিপূরক ভূমিকা পালন করছে তাদেরকে অনুকূল কর ব্যবস্থা ও অন্যান্য প্রণোদনার মাধ্যমে উৎসাহিত করা হবে।
- ৪.৩.৫ গৃহায়নের লক্ষ্যে অর্থায়ন ব্যবস্থাকে পুঁজি বাজারের সঙ্গে সম্পৃক্ত করতে এবং সঞ্চয় ও অর্থলগ্নীর উৎস সৃষ্টির জন্য নতুন নতুন ও আকর্ষণীয় সঞ্চয়প্রকল্প, ঋণপত্র, বন্ড ইত্যাদি প্রবর্তন করা হবে।



4.2.12. National Housing Authority will develop a modern land information center to support the Land Ministry towards proper management of residential land.

4.2.13. Land administration, revenue collection, land survey, land transfer and land registration system will be amended to make it modern and simple and keep it under a single administration.

4.2.14. Low-income people will be subsidised in the land allocation process through the profit gained from the selling of land at a proper price to high-income people for housing, industrial/commercial and other similar non-residential uses. A similar system will be adopted for flat distribution.

4.2.15. National Land Use Policy (2001) will be followed at the local level (Upazilla and District level) to ensure proper use of land.

### **4.3. Financing**

The large share of the society is beyond the scope of institutional financing because of organisational weakness and scarcity of a resource in the prevailing housing financing system. To overcome these problems, the following measures will be adopted to create opportunities for housing finance and its expansion.

4.3.1 Housing will be designated as an exclusive economic sector in the National Development Plan and it will be given adequate priority.

4.3.2. The scope of availing housing loans under easy conditions will be expanded and the housing finance process will be simplified. PPP (Public Private Partnership) system will be encouraged for investment in the housing sector.

4.3.3. Financing and loan schemes under easy conditions will be initiated to finance activities like repairing of old houses or renovation and other relevant housing-related works.

4.3.4 Organisations, those who complement the activities of land development, housing and financing will be supported with a favourable taxation system and other incentives.

4.3.5. To develop the housing sector, the financing system has to be incorporated with the investment market and sources for saving and money investment required to be created by introducing new and attractive saving schemes, loan schemes, bonds, etc.

- ৪.৩.৬ প্রাইভেট ডেভেলপার কোম্পানিগুলোকে পুঁজি বাজারের আওতায় এনে পাবলিক শেয়ারের মাধ্যমে পুঁজি সৃষ্টিতে উৎসাহিত করা হবে।
- ৪.৩.৭ স্বল্প আয়ের ভোক্তাদের জন্য ‘গৃহায়ন কর্মসূচী’ চালুর জন্য বিদ্যমান গৃহায়ন তহবিল সমৃদ্ধ করতে হবে, যা থেকে সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও এনজিওসহ অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানগুলো গৃহায়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ঋণ গ্রহণ করতে পারবে।
- ৪.৩.৮ সমবায় গৃহায়ন আন্দোলন, বিশেষত নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর জন্য প্রতিষ্ঠিত সমবায়গুলোকে অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধি এবং অবকাঠামো ও ভূমি উন্নয়নে প্রাতিষ্ঠানিক অর্থ সরবরাহের নিশ্চয়তা প্রদান করা হবে।
- ৪.৩.৯ গৃহায়ন খাতে অর্থায়ন বৃদ্ধি করতে বিমা, ইউনিট ট্রাস্ট, বাণিজ্যিক ব্যাংক, সমবায় ব্যাংক এবং বিশেষ অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করা হবে।
- ৪.৩.১০ গৃহায়ন প্রকল্পে প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণকে উৎসাহিত করা হবে।
- ৪.৩.১১ ভবিষ্যৎ তহবিলে টাকা জমাকারী কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের গৃহায়নের লক্ষ্যে বিশেষ সঞ্চয় প্রকল্প চালু করা হবে যাতে সংশ্লিষ্ট সংস্থা অনুদান প্রদান করবে। সরকারি চাকুরীজীবীদের জন্য কিস্তিতে স্থায়ী আবাসনের ব্যবস্থা করা হবে।
- ৪.৩.১২ জীবনবিমা কোম্পানিগুলোসহ আর্থিক বাজার থেকে দীর্ঘমেয়াদী তহবিল পেতে বন্ধকি ঋণের বিপরীতে সিকিউরিটি ইস্যু উৎসাহিত করা হবে, যা ক্রয়-বিক্রয়ের বাজার সৃষ্টিকারী ও তারল্য নিশ্চিতকারীর ভূমিকায় বাংলাদেশে গৃহনির্মাণ ঋণদান সংস্থাকে সক্রিয় করবে।
- ৪.৩.১৩ গৃহ-অর্থায়ন প্রতিষ্ঠানগুলোতে ‘দীর্ঘমেয়াদী চুক্তিবদ্ধ সঞ্চয়’ প্রকল্পে ঋণ গ্রহণেচ্ছুরা নিয়মিত কিস্তিতে সঞ্চয় করে সঞ্চয়স্থিতির কয়েকগুণ অংকের দীর্ঘমেয়াদী ঋণ পাবে। নিম্নবিত্তের গৃহায়নের জন্য অর্জিত সুদ আয়কর মুক্ত থাকবে। এ ধরনের কার্যক্রমে অর্থায়নকারী প্রতিষ্ঠানের আমানত সংগ্রহ এবং মর্টগেজ ব্যাংক সিকিউরিটিজ ইস্যু দ্বারা তহবিল আহরণের পাশাপাশি সরকারি তহবিল থেকেও রেয়াতি সুদে আংশিক অর্থ যোগানের ব্যবস্থা রাখা হবে।
- ৪.৩.১৪ গৃহনির্মাণ ঋণ আদায় সহজ ও নিশ্চিত করে আদায়কৃত অর্থ পুনরায় ঋণদান কর্মসূচিতে ব্যবহার করা হবে। এ ক্ষেত্রে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ কে আরও সমন্বয়যোগী করা হবে যাতে আইনি জটিলতা ও রায় প্রয়োগে দীর্ঘসূত্রীতা পরিহার করা যায়। গৃহঋণের কিস্তি চেকে প্রদানের ক্ষেত্রে চেক ডিজঅনার সংক্রান্ত “নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্ট অ্যাক্ট” যুগোপযোগী করে এ সমস্ত মামলা দ্রুত নিষ্পত্তির বিশেষ ব্যবস্থা নেয়া হবে।

4.3.6. Private Developers Companies have to be brought under the jurisdiction of the capital market and effort will be given for capital accumulation through public share.

4.3.7. The existing housing fund needs to be enriched in order to introduce 'Housing Programs' for low-income consumers. Government, semi-government, autonomous organizations, NGOs and other investing agencies can obtain loans from this housing fund to implement housing projects.

4.3.8. Cooperative housing movement, particularly cooperatives established for low and middle-income people will be assured with the institutional flow of housing finance for the accumulation of internal resources and infrastructure and land development.

4.3.9. Insurance, unit trust, commercial bank, cooperative bank and special investment agencies will be encouraged to increase finance in the housing sector.

4.3.10. Participation of expatriate Bangladesh citizens will be encouraged in housing projects.

4.3.11. The special saving scheme will be introduced for housing those officers, employee and workers who would keep money in the future fund and the concerned agency will donate in that fund. Permanent housing through installment payment will be taken for government service holders.

4.3.12. To get long term funds from the financial market including the life insurance companies, security issues will be encouraged against mortgage loans, this will trigger the role of Bangladesh housing construction loan giving organisations as a market builder of purchase–selling activities and as the guarantor of liquidation.

4.3.13. In housing finance organizations, under the 'Long-term Agreement Saving' schemes, loan seekers can deposit money in regular installments and they can obtain long term loans of an amount, which is higher than their deposited capital. In the case of housing for low-income people, acquired interest will be tax-free. In such activities, in addition to an accumulation of capital by the financing organization and fund collection by mortgage bank security issues, there will be the arrangement for the provision of partial finance from government funds with an exemption of interest.

4.3.14. By making the housing loan retrieving process simple with the guarantee, recovered money will be used again in the loan giving programs. In this context, Loan Judiciary Act, 2003 will be made more time-contextual, so that legal complexities and consuming a long time in verdict delivery can be avoided. 'Negotiable Instrument Act' in relation to the dishonour of check for payment of installment of housing loan will be updated and special arrangement will be made for quick resolution of all these legal suits.

- ৪.৩.১৫. অধিক সংখ্যক বেসরকারী গৃহনির্মাণ অর্থায়ন প্রতিষ্ঠানের অংশ গ্রহণের জন্য আইনগত সমর্থন প্রদানের মাধ্যমে অনুকূল পরিবেশ সৃষ্টি করে আগ্রহী করে তোলা হবে। এমনভাবে সঞ্চয়-অনুকূল কর রেয়াত ব্যবস্থা গ্রহণ করা হবে যাতে জনসাধারণ সঞ্চয়ে উৎসাহিত হয় এবং তা এসব প্রতিষ্ঠানে গচ্ছিত রাখে। এসব প্রতিষ্ঠানের লভ্যাংশের উপর আরোপিত আয়কর কমিয়ে এনে গৃহনির্মাণ ঋণের সুদের হার বাণিজ্যিক সুদের চেয়ে কমিয়ে আনা হবে।
- ৪.৩.১৬ মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর জন্য স্বল্প আয়তনের ফ্ল্যাট নির্মাণের ক্ষেত্রে গৃহঋণ কার্যক্রম সম্প্রসারণ করা হবে।
- ৪.৩.১৭ সরকারি গৃহনির্মাণ সংস্থাকে একটি স্বনির্ভর প্রতিষ্ঠানে উন্নীত করা হবে যাতে এটি বিভিন্ন আর্থিক শ্রেণীর গৃহায়ন সংক্রান্ত চাহিদা পূরণে সক্ষম হয়। এজন্য এ সংস্থার প্রচলিত সুদের হার, ঋণের মেয়াদ, পরিমাণ, কিস্তির পরিমাণ ও পরিশোধের বিধিসহ সামগ্রিক ভূমিকার পর্যালোচনা ও পুনর্মূল্যায়ন করা হবে। মূলধন-কিস্তি ও সুদ-কিস্তির অনুপাত পুনর্বিন্যাস করে তা ঋণগ্রহীতার অনুকূলে এনে ঋণ পুনরুদ্ধারের কার্যকরী ব্যবস্থা নেয়া হবে।
- ৪.৩.১৮ গৃহনির্মাণ ঋণদান সংস্থায় শুধুমাত্র নিম্নবিত্ত ও দরিদ্রদের গৃহনির্মাণে অর্থায়নের দায়িত্ব দিয়ে একটি আলাদা বিভাগ খোলা হবে অথবা ব্যাংক/অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করা হবে; এরা তাদের জন্য সুবিধাজনক শর্তে ঋণ প্রদানের ব্যবস্থা করবে।
- ৪.৩.১৯ দ্রুত গৃহনির্মাণের জন্য সংযোজন ও সংস্থাপন উপযোগী কাঠামো তৈরি এবং নির্মাণ উপকরণের খুচরা যন্ত্রাংশ সরবরাহের জন্য দেশের বিভিন্ন স্থানে বেসরকারী খাতে কারখানা ও সরবরাহ কেন্দ্র স্থাপন করার বিষয়ে আর্থিক সহায়তা করা হবে।
- ৪.৩.২০ উন্নয়নকৃত জমি/ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা বা তাঁর পোষ্য এবং বিভিন্ন অনগ্রসর গোষ্ঠীর জন্য ঋণ বরাদ্দে বিশেষ ব্যবস্থা রাখা হবে।
- ৪.৩.২১ আন্তর্জাতিক বাজার ও দাতা সংস্থা কাছ থেকেও সহজ শর্তে নগর ও অবকাঠামো উন্নয়ন, নিম্নবিত্তের আবাসন, গৃহায়ন ও লগ্নীকারী প্রতিষ্ঠান তৈরি ইত্যাদির জন্য সহজ শর্তে প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করা হবে।
- ৪.৩.২২ গৃহায়ণের লক্ষ্যে অর্থায়ন ব্যবস্থা এবং দেশের সামগ্রিক অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে শীর্ষ সমন্বয়কারী সংস্থা হিসেবে অর্থ মন্ত্রণালয় এ গৃহায়ন নীতির আওতায় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন নিয়ন্ত্রণ করবে, প্রয়োজনে অর্থের যোগান দেবে এবং গৃহনির্মাণ অর্থায়নে নিয়োজিত দেশব্যাপী আয়ভিত্তিক বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে ঋণ সুবিধা সম্প্রসারণের জন্যে পুনঃঅর্থায়ন তদারকি করবে।

4.3.15. A favorable environment will be developed to generate interest for participation of higher number of private financing institutes for house construction by providing legal supports. A tax exemption system will be developed in favor of saving that will create interest among people towards saving and to deposit money in these institutes. Income tax imposed on the profit of these institutes will be lessened in order to reduce the rate of interest on housing loan compare to other commercial loans.

4.3.16. Housing loan schemes to construct smaller flats to cater middle and low income groups will be expanded.

4.3.17. Government housing construction authority will developed as a self sustained institute, so that will be able to meet the demand of various housing related needs of different income groups. With this objective, a comprehensive assessment and evaluation of the role of this institute will be conducted including its prevailing interest rate, duration of loan, amount of loan, amount of installment and the policies for repayment. An effective system for loan recovery will be developed in favour of the borrowers by rearranging the ratio of installment from capital and installment from interest.

4.3.18. A separate cell will be exclusively established in the House Building Finance Corporation with the responsibility to finance house construction for low income and poor people or responsibility will be given to bank/financial investing institutes which would offer loan to poor under convenient terms and conditions.

4.3.19. Towards faster construction of houses, financial support will be given to private sectors to establish industries for designing of frame structure suitable for prefabrication and joining and delivery centers to supply spare parts of building materials.

4.3.20. Provision of special loan will arranged for valiant freedom fighters or their dependents and disadvantageous groups during allotment of developed land/flat.

4.3.21. Necessary fund at simple terms will also be collected from international market and donor agencies towards development of cities and infrastructure, shelter for low income, housing and investment organization.

4.3.22. Under the purview of this housing policy, as the key coordinator of housing finance and overall economic structure of the country, Ministry of Finance will regulate the development of the government and private organizations, provide funds in need, and monitor refinancing process towards expansion of loan facilities to different income based strata of population involved with house construction financing.

## ৪.৪ অবকাঠামো

গৃহায়ণের জন্যে প্রয়োজন পরিকল্পিত অবকাঠামোগত ব্যবস্থাপনা। ভৌত ও সামাজিক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা হবে:

- ৪.৪.১ সরকারি, আধা-সরকারি এবং বেসরকারি সকল প্রকার আবাসন প্রকল্পে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, হাটবাজার, সেবা প্রতিষ্ঠান, খেলার মাঠ, সুইমিংপুল বা পুকুরের জন্য জায়গা নির্ধারণ এবং পানি, বিদ্যুৎ, গ্যাস পয়ঃনিষ্কাশন, বর্জ্য নিষ্কাশন, পানি নিষ্কাশন, বৃষ্টির পানি সংরক্ষণ ইত্যাদি সেবামূলক কার্যক্রমের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হবে।
- ৪.৪.২ যেসব সাশ্রয়ী, পরিবেশ উপযোগী এবং ক্রমোন্নয়নযোগ্য অবকাঠামো নির্মাণ প্রযুক্তি ও পদ্ধতির ব্যবহারকে উৎসাহ এবং অগ্রাধিকার দেয়া হবে।
- ৪.৪.৩ সে সকল এনজিও, সিবিও, বেসরকারি নির্মাণসংস্থা জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে অবকাঠামো উন্নয়নে ভূমিকা রাখবে তাদের সরকার সহায়তা প্রদান করবে।
- ৪.৪.৪ আবাসন প্রকল্পে অবকাঠামোর নকশা প্রণয়ন এবং রক্ষণাবেক্ষণে সকল পর্যায়ে জনগণের অংশগ্রহণের উদ্যোগকে স্বীকৃতি দিয়ে তাদের অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ৪.৪.৫ আধুনিক পদ্ধতি ও আইনের মাধ্যমে যথাযথ হিসাব করে অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের খরচ যুক্তিসঙ্গতভাবে ভোক্তাদের কাছ থেকে আদায় করা হবে।
- ৪.৪.৬ মানবেতর ও অস্বাস্থ্যকর বসতির মানোন্নয়নের জন্য ন্যূনতম মৌলিক অবকাঠামো নির্মাণ করা হবে এবং এর নির্মাণ ব্যয় সংগ্রহের পদক্ষেপ নেয়া হবে। এ ব্যাপারে অলাভজনক সংস্থা, স্থানীয় প্রতিষ্ঠান, গোষ্ঠী বা এনজিওসমূহ এবং ভোক্তাদের প্রতিনিধিদের সম্পৃক্ত করা হবে।
- ৪.৪.৭ নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও উচ্চবিত্ত জনগোষ্ঠীর জন্য লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে গৃহায়ন সংক্রান্ত সেবা নিশ্চিত করার লক্ষ্যে গবেষণা ইউনিট প্রতিষ্ঠা করা হবে।
- ৪.৪.৮ গৃহনির্মাণে সোলার প্যানেল স্থাপন এবং জ্বালানী সাশ্রয়ী নির্মাণ উপকরণ ব্যবহার নিশ্চিত করা হবে।
- ৪.৪.৯ গৃহনির্মাণে বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা রাখা হবে।
- ৪.৪.১০ ইতিহাস, সংস্কৃতি ও স্থাপত্যশৈলীর উপর বিশেষ দৃষ্টি রেখে ঐতিহ্যবাহী নিদর্শন, স্মৃতিস্তম্ভ, স্থাপত্যকর্ম, আবাসিক ও অন্যান্য ভবন এবং প্রাকৃতিক বৈশিষ্ট্য সংরক্ষণের জন্য পরিকল্পনা গ্রহণে প্রয়োজনীয় আইন প্রণয়ন, সমীক্ষা ও ডকুমেন্টেশন, অর্থায়ন, আর্থিক ও অন্যান্য প্রণোদনা প্রদান, প্রশিক্ষণ ও প্রচারের ব্যবস্থা এবং এ সংক্রান্ত প্রণীত সরকারি প্রজ্ঞাপনের ভিত্তিতে বাস্তবায়নাদীন প্রকল্পের ক্ষেত্রে ব্যবস্থা নেয়া হবে।

## 4.4 Infrastructure

There is a need for planned infrastructure management for housing. Following measures will be adopted to develop physical and social infrastructure.

4.4.1 In all government, semi-government and private housing projects, space will be designated for education institutes at primary and secondary levels, mosque, market place, service organisations, playground, swimming pool or pond, and the necessary system will be provided for service facilities like water, electricity, sewage disposal, waste disposal, water drainage and conservation of rainwater.

4.4.2. For the construction of infrastructure, encouragement, and priority will be given to adopting that technology and approaches which are money-saving, environment-friendly and progressively developable.

4.4.3. The government will support those NGOs, CBOs, private development organisations who will play a role to ensure public participation in infrastructure development.

4.4.4. The initiative of public participation will be recognised and they will be given the opportunity to participate in the formation of the infrastructure plan, maintenance, and enhancement and in all other phases of a housing project.

4.4.5. Through the modern approach and legitimacy, the cost of infrastructure construction, expansion, and maintenance will be calculated and recovered from the beneficiaries in a rational mode.

4.4.6. Measures will be taken to install minimum basic infrastructure towards the up-gradation of the subhuman and unhygienic settlements and to recover the cost involved. In this context, non-profit organisations, local level institutes, groups or NGOs and representatives of the consumers will be incorporated.

4.4.7 The research unit will be established with the aim to invent appropriate technology to ensure housing-related services for low income, middle income, and high-income populations.

4.4.8. The installation of solar panels and the use of energy-saving construction material will be guaranteed in building constructions.

4.4.9 The system will be developed for the conservation of rainwater in building construction.

4.4.10 Measures will be taken regarding the adoption of necessary legal act, survey and documentation, financing, provision for financial and other incentives, arrangement for training and publicising to carry out a plan for the conservation of heritage relics, memorials, architectural works, residential and other buildings with special attention on history, culture and architectural style and to preserve natural characteristics. Measures will be taken for projects under implementation based on related gazette notification of government.

## ৪.৫ গৃহনির্মাণ উপকরণ ও প্রযুক্তি

- ৪.৫.১ গ্রামীণ জনগণের জন্য উপযুক্ত নির্মাণ উপকরণ সহজলভ্য করা হবে। একই সাথে পরিবেশ সংরক্ষণে অবাধ বৃক্ষ নিধন, ইটভাটার জ্বালানী ইত্যাদি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
- ৪.৫.২ প্রচলিত নির্মাণ উপকরণের সাথে সাথে স্থানীয়ভাবে সহজলভ্য উপকরণসমূহের গুণগত মানবৃদ্ধিতে সহায়তা করা হবে। সিমেন্ট, ইট এবং লোহার মত প্রচলিত নির্মাণ উপকরণ এবং টালির মতো স্থানীয় উপকরণসমূহের উৎপাদন বৃদ্ধি এবং সহজলভ্য করতে ক্ষুদ্রশিল্প স্থাপনসহ বিভিন্ন উদ্যোগকে উৎসাহিত করা হবে।
- ৪.৫.৩ আবাসন প্রকল্পে/গৃহায়ণে স্থানীয় কাঁচামালের ব্যবহার, পরিবেশবান্ধব নির্মাণসামগ্রী ও কৌশলকে অগ্রাধিকার ও বিশেষ ছাড় দেয়া হবে।
- ৪.৫.৪ সরকারি মাননিয়ন্ত্রণকারী সংস্থাসমূহে স্বল্প ব্যয়নির্ভর লাগসই এবং উদ্ভাবিত নির্মাণ প্রযুক্তি ও উপকরণসমূহের বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত রাখা হবে।
- ৪.৫.৫ বিদেশী ও উচ্চমূল্যের গৃহনির্মাণ উপকরণের ব্যবহার নিরুৎসাহিত করে স্বল্প মূল্যের পরিবেশবান্ধব প্রযুক্তি এবং সম্ভাব্য ক্ষেত্রে দেশীয় উপকরণ ব্যবহারের সুবিধা সৃষ্টি করা হবে। সরকারি ও বেসরকারি আবাসনের ক্ষেত্রে মানসম্পন্ন গৃহনির্মাণ সামগ্রী ব্যবহার নিশ্চিত করা হবে। নির্মাণ উপকরণ যুক্তিসংগত মূল্যে সহজলভ্য করতে রাজস্ব ও আমদানী নীতিতে প্রয়োজনীয় পরিবর্তন আনা হবে।
- ৪.৫.৬ ক্ষুদ্র ও কুটিরশিল্প পর্যায়ে গৃহনির্মাণ উপকরণ তৈরির ইউনিট স্থাপন করে মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।
- ৪.৫.৭ গবেষণা প্রতিষ্ঠানগুলোতে কৃষি ও শিল্প খাতের বর্জ্য বিকল্প/লাগসই প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে নির্মাণ উপকরণ তৈরি ও ব্যবহার উৎসাহিত করা হবে।
- ৪.৫.৮ বিভিন্ন সরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, এনজিও ও পেশাজীবী সংগঠন এবং সেবা প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের প্রশিক্ষণ, প্রযুক্তি প্রসার ও দক্ষতা বৃদ্ধি করা হবে এবং প্রকৃত ব্যবহারকারী ও জনসাধারণের কাছে সে সব তথ্য পৌঁছানো এবং এগুলোর ব্যবহারকে জনপ্রিয় ও সহজলভ্য করতে পদক্ষেপ নেয়া হবে।
- ৪.৫.৯ দ্রুত গৃহনির্মাণের জন্য সংযোজন ও সংস্থাপন উপযোগী অংশ তৈরি এবং নির্মাণ উপকরণের খুচরা যন্ত্রাংশ সরবরাহের জন্য বিকেন্দ্রীকরণের ভিত্তিতে দেশের বিভিন্ন স্থানে বেসরকারি খাতে অথবা এনজিওসমূহের মাধ্যমে কারখানা ও সরবরাহ কেন্দ্র স্থাপন করার বিষয়ে সহায়তা প্রদান করা হবে।



## **4.5 Building construction material and technology**

4.5.1 Suitable construction material will be made accessible to rural people. At the same time, measures will be taken to regulate uncontrolled tree cutting, fuel for brick kiln towards conservation of nature.

4.5.2 Support will be given towards enhancement of quality of locally available materials in addition to popular construction materials in use. Establishment of small industries and other initiatives will be encouraged to increase production and availability of widely used construction materials like cement, brick and iron and local material such as tile.

4.5.3 Special priority and exemption will be given in the use of local raw materials, environment-friendly building materials and strategies in residential projects/ housing.

4.5.4 Detail information on low cost appropriate and invented construction technology and materials will be kept with government standard regulatory agencies.

4.5.5 The supportive context will be developed towards the use of low-cost environment-friendly technology and in possible cases local materials by discouraging high priced overseas building materials. The use of quality building materials in public and private housing will be guaranteed. The necessary modification will be brought in revenue and import policies to make building material accessible within rational prices.

4.5.6 Employment opportunities for women will be created through the establishment of units for the production of building materials at small and cottage industries level.

4.5.7 Use and production of building material made of waste from agricultural and industrial sector by using alternative/appropriate technology will be encouraged in the research institutes.

4.5.8 Programmes will be carried out through different government agencies, universities, research institutes, NGOs, professional institutes and service agencies regarding training, expansion of technology and enrichment of skill of all concerned people and measures will be taken to disseminate that information to the real users and people and to popularise its use and availability.

4.5.9 For faster building construction, support will be given regarding the establishment of industries for the production of building parts suitable for joining and prefabrication and supply centers for delivery of spare parts of building materials through private sectors or NGOs in different parts of the country based on the decentralisation approach.

- ৪.৫.১০ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, নির্মাণ সংস্থা, এনজিও, সমবায় সংস্থা ইত্যাদির সম্পৃক্ততার মাধ্যমে দুর্যোগ ও জরুরি অবস্থা মোকাবেলায় ও দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনে পরিবেশবান্ধব ও মূল্যসামর্থী, মজবুত ও উপযোগী নির্মাণপদ্ধতি ও সামগ্রী উদ্ভাবন, তৈরি এবং বাজারজাত করণের ব্যবস্থা নেয়া হবে। এ সংক্রান্ত কারিগরী জ্ঞান আহরণ, বিতরণ ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল বৃদ্ধি করা হবে। অর্থায়ন, গবেষণা ও উন্নয়নসংস্থা স্থাপন এবং বস্ত্র ও অর্থভিত্তিক ঋণব্যবস্থা চালু ও উৎসাহিত করা হবে।
- ৪.৫.১১ নিম্নবিত্তের আবাসন প্রকল্পে উপযোগী সামগ্রীর ব্যবহার ও প্রাতিষ্ঠানিক কৌশলের প্রয়োগকে উৎসাহিত, সুযোগ প্রদান ও বিশেষ ছাড় দেয়া হবে।
- ৪.৫.১২ সকল এলাকায় ও সর্বস্তরে, বিশেষ করে নিম্নবিত্ত এবং দুর্গত জনগণ যাতে প্রাথমিক নির্মাণসামগ্রী ও ইমারত নিজেসাই অনেকাংশে তৈরি করতে পারে সেজন্য কারিগরী জনবল, নির্দেশিকা পুস্তিকা, সহযোগী প্রতিষ্ঠান, সাময়িক কর্মশালা ও প্রদর্শণীর ব্যবস্থা করা হবে।

## ৪.৬ মানব সম্পদ উন্নয়ন

গৃহায়ন ব্যবস্থা উন্নয়নের জন্য মানবসম্পদ উন্নয়ন অর্থাৎ পর্যাপ্ত উপযুক্ত দক্ষ, অভিজ্ঞ, স্বপ্রণোদিত ও নিবেদিতপ্রাণ কর্মী ও বিশেষজ্ঞ তৈরির লক্ষ্যে নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করা হবে:

- ৪.৬.১ স্বল্প ও যুক্তিসঙ্গত ব্যয়ে গ্রহণযোগ্য গৃহায়ন ও বসতি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্দেশ্যে পরিকল্পনাবিদ, স্থপতি, প্রকৌশলী, ভূমি ও গৃহায়ন পেশাজীবী, পরিবেশবিজ্ঞানী, অর্থনীতিবিদ, সমাজবিজ্ঞানী, আইনবিদ প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা নেয়া হবে।
- ৪.৬.২ গৃহায়ন সম্পর্কিত বিভিন্ন পেশাজীবী ও কারিগরদের প্রশিক্ষণের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়, কারিগরী প্রতিষ্ঠান এবং মহাবিদ্যালয়সমূহে সুযোগসুবিধা বৃদ্ধি করা হবে। বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানসমূহে বিশেষজ্ঞ পর্যায়ের অনুশীলন ও গবেষণা কার্যক্রম পরিচালনার সুযোগ সৃষ্টি করা হবে। সকল সরকারি ও বেসরকারি নির্মাণসংস্থার বার্ষিক ব্যয়ের অন্তত শতকরা একভাগ গৃহায়ন সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ খাতের জন্য নির্ধারণ করা হবে।
- ৪.৬.৩ নির্মাণকর্মী ও কুশলী, ছোট ছোট ঠিকাদার, স্থানীয় সংগঠন ও স্বনিয়োজিত নির্মাতাদের গৃহায়ন সংক্রান্ত জ্ঞান, কৌশল ও দক্ষতা বৃদ্ধি এবং ঋণ, কর্মস্থল এবং বাজারব্যবস্থায় তাদের সুযোগ-সুবিধা বাড়ানোর লক্ষ্যে এনজিও, অলাভজনক গবেষণা প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও এ ধরণের সংস্থাসমূহকে সম্পৃক্ত করে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা হবে। গবেষণালব্ধ তথ্য ও উপাত্ত সরকারি ও বেসরকারি পর্যায়ে যৌথভাবে ব্যবহার করা হবে।

4.5.10 Measures will be taken regarding the invention, production and marketing of environment-friendly and cost-saving, durable, appropriate construction technology and materials to meet the demand of the poor population and to combat disaster and emergency situation in coordination with government and private organisations, construction agencies, NGOs, cooperative organisations and others. In this relation, the increase in skilled manpower will be done through acquisition and dissemination of technical knowledge and training. Establishment of financing, research and development agencies and introduction of material and finance based loan system will be encouraged.

4.5.11 Special exemption, support, and the endorsement will be given towards use and adoption of appropriate materials and institutional strategies in low-income housing projects.

4.5.12 The arrangement will be made for technical manpower, brochure with guidelines, support agencies, temporary workshop and exhibition in all areas and at all levels, particularly for low income and distress population, so that they can make the major share of basic construction materials and buildings by themselves.

## **4.6 Human Resource Development**

Following steps will be adopted regarding human resource development that is an increase of adequate, suitable, skilled, experienced, self-motivated and dedicated workers and experts for the improvement of the housing system.

4.6.1 Measures will be adopted to arrange training and skill enhancement of planners, architects, engineers, professional of land and housing sectors, environmental scientists, economists, sociologists, lawyers and administrators and other concerned with the objective to prepare acceptable housing and settlement plans and its implementation at a low and rational cost.

4.6.2 Facilities of universities, technical institutes and colleges will be increased to train different professionals and artisans involved with housing. Opportunities will be created in universities and concerned agencies at the expert level to conduct research activities and exercises. In all public and private construction agencies, at least one percent of annual expenditure will be assigned for housing-related research and training.

4.6.3 Formal and informal training opportunities will be developed in coordination with NGOs, non-profit organisations, public and private universities, and similar agencies with the aim to increase knowledge, strategies, and skill of construction workers and experts, small contractors, local organisations and self-employed builders and to enhance their facilities and opportunities in loan, workplace and marketing system. Information and data acquired from the research will be collectively used at public and private levels.

- ৪.৬.৪ নিজ উদ্যোগে নির্মাণ উপকরণ তৈরি ও বাাড়িঘর নির্মাণের ক্ষেত্রেও জনসাধারণকে উৎসাহিত করে তোলার লক্ষ্যে প্রদর্শনী, পুস্তিকা, বিজ্ঞাপন, পোস্টার, ওয়েবসাইট প্রকাশসহ অন্যান্য গণমাধ্যমে তথ্য প্রচার করে গণসচেতনতা বৃদ্ধি করা হবে। আবাসন সংক্রান্ত সিটিজেন চার্টার এবং প্রয়োজনীয় সকল উপাত্তসমূহ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ৪.৬.৫ নবতর ধ্যান-ধারণা ও পদ্ধতি যেমন লাগসই প্রযুক্তি, টেকসই উন্নয়ন, পরিবেশ ও ঐতিহ্য সংরক্ষণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, সুশীল সমাজ ও জনগণের অংশগ্রহণ, অংশগ্রহণমূলক ও এলাকাভিত্তিক পরিকল্পনা, ব্যয়ে অর্থ সংগ্রহ, বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় সনদ, আইন ও নীতিমালা ইত্যাদি বিষয়ে তথ্য, গ্রহণযোগ্যতা ও প্রয়োগে সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা কর্মচারী, আগ্রহী গোষ্ঠী ও ব্যক্তিকে সক্ষম করে তুলতে নিয়মিত প্রশিক্ষণ কর্মশালার ব্যবস্থা করা হবে।
- ৪.৬.৬ ইতিহাস, সংস্কৃতি ও স্থাপত্যশৈলীর উপর বিশেষ দৃষ্টি রেখে ঐতিহ্যবাহী নিদর্শন, স্মৃতিস্তম্ভ, স্থাপত্যকর্ম এবং প্রাকৃতিক বৈশিষ্ট্য সংরক্ষণের জন্য পরিকল্পনা গ্রহণ, প্রয়োজনীয় আইন প্রণয়ন, সমীক্ষা ও ডকুমেন্টেশন, অর্থায়ন, আর্থিক ও অন্যান্য প্রণোদনা প্রদান, প্রশিক্ষণ ও প্রচারের ব্যবস্থা নেয়া হবে।
- ৪.৬.৭ দেশের গৃহায়ন সমস্যার সমাধানে সর্বোচ্চ সরকারি প্রতিষ্ঠান হিসেবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ গৃহায়ন কর্মকাণ্ড পরিচালনা করবে। সেই সাথে হাউজ বন্ডিং রিসার্চ ইনিস্টিটিউটের সাথে যৌথভাবে গৃহায়ন সংক্রান্ত জরীপ, সমীক্ষা এবং একটি মানসম্পন্ন তথ্যকেন্দ্র গড়ে তুলবে যেখানে গৃহায়ন সম্পর্কিত সকল ধরনের তথ্য সংরক্ষিত থাকবে।

## ৪.৭ বস্তি ও স্বত্বহীন বসতি

গ্রামীণ এলাকার আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন উপর্যুপরি প্রাকৃতিক দুর্যোগ এবং অন্যান্য কারণে প্রচুর মানুষ জীবিকান্বষণে গ্রাম থেকে শহরে আসছে। এর ফলে বিশেষত, বড় বড় নগরগুলোতে ছিন্নমূল ও কর্মহীন মানুষের ভীড় ক্রমান্বয়ে বাড়ছে এবং বস্তি ও স্বত্বহীন বস্তিগড়ে উঠছে। এই পরিস্থিতিতে তীব্র আবাসন সংকটসহ পরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া বাধাগ্রস্ত হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা হবে:

- ৪.৭.১ বাংলাদেশের নগরসমূহের বাস্তিতে বসবাসকারী মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে টেকসই পরিবেশ নিশ্চিত করতে প্রথমত, বস্তিবাসীদের প্রতি দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তন করতে হবে। জাতিসংঘের মানব বসতি সংক্রান্ত পদক্ষেপসমূহ এক্ষেত্রে অনুসৃত হতে পারে।
- ৪.৭.২ বস্তিবাসীদের জন্য সরকার কর্তৃক গৃহীত ‘ঘরে ফেরা’ বা অনুরূপ কর্মসূচীর আওতায় পুনর্বাসন ব্যবস্থার সুযোগ সৃষ্টি করতে হবে এবং এ লক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

4.6.4 Public awareness will be created through exhibition, leaflets, advertisement, poster, website publication and through the dissemination of information in other mass media to generate interest among people towards self-initiative regarding the production of building material and house construction. Citizen Charters related to housing and all necessary data will be published on the website.

4.6.5 Regular training workshops will be arranged for officers and employee of government and private agencies, interested groups and individuals to facilitate them in terms of information, acceptability, and application of contemporary concepts/thoughts approach like appropriate technology, sustainable development, environment and heritage conservation, transparency and accountability, civil society, and public participation, participatory and local-level planning, cost recovery, various international and national charters, acts and policies.

4.6.6 Measures will be taken to formulate a plan, adoption of necessary legal acts, survey and documentation, financing, provision for financial and other incentives, arrangement for training and publicising to carry out a plan for conservation of heritage relics, memorials, architectural works with special attention on history, culture and architectural style.

4.6.7 National Housing Authority will work as the highest government organisation to solve the housing problem of the country. Additionally, it will work in collaboration with House Building Research Institute to conduct housing-related survey, report and will establish a quality information center where all sorts of housing-related information would be conserved.

#### **4.7 Slum and Squatter Settlement**

A large number of people from rural areas come to cities in search of living due to change of socio-economic condition and subsequent natural disasters and other reasons in rural areas. As a result, the crowd of distress and unemployed people in the big cities are increasing gradually and results in the rapid growth of slums and squatters. As a consequence, the planned urbanisation process is obstructed in addition to severe scarcity of housing. In order to overcome this situation, the following measures will be undertaken:

4.7.1 In order to ensure a sustainable environment through improvement of the standard of living of slum dwellers in the cities of Bangladesh, firstly, the standpoint and attitude towards slum dwellers have to be changed. In this context, the United Nation's policy measures for human settlement development can be pursued.

4.7.2 Rehabilitation opportunities have to be created under the scope of government adopted "Ghore Fera" or similar kinds of programs and necessary activities need to be undertaken with this objective.

- ৪.৭.৩ কোন বস্তি বা এ ধরনের বসতির স্থানান্তর ও পুনর্বাসন অবশ্যাম্ভাবী বিবেচিত হলে, স্থানীয় কর্তৃপক্ষ স্থানান্তর ও পুনর্বাসনের বিস্তারিত নির্দেশিকা প্রস্তুত করবে। ঐ নির্দেশিকায় বস্তি বা বসতিসমূহের স্থানান্তর, বিকল্প স্থান নির্ধারণ, পরিসেবার ব্যবস্থা, কর্মস্থল, যাতায়াতের সুবিধা প্রভৃতি সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা থাকবে। প্রণীত নির্দেশিকা অনুযায়ী সকল বস্তি বা অনানুষ্ঠানিক বসতির অধিবাসীদের স্থানান্তর প্রক্রিয়া বাস্তবায়িত হবে; তাতে করে ক্ষয়-ক্ষতির মাত্রা হ্রাস এবং ভর্তুকি প্রদান সম্ভব হবে।
- ৪.৭.৪ সকল বিদ্যমান বস্তিসমূহে পর্যায়ক্রমে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে ধারাবাহিক নির্মাণ প্রক্রিয়া বৃদ্ধি (ইনক্রিমেন্টাল কনস্ট্রাকশন/ট্রান্সফরমেশন) এবং পর্যায়ক্রম উন্নয়ন (গ্র্যাডুয়েল আপগ্রেডেশান) প্রক্রিয়া গ্রহণ করা যেতে পারে।
- ৪.৭.৫ বস্তিবাসীদের পুনর্বাসনের ক্ষেত্রে তাদের ন্যূনতম মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে 'ক্রস সাবসিডি' ধরনের কৌশলগত পদ্ধতির সম্ভাব্যতা যাচাই ও প্রয়োগ করে আবাসনের ব্যবস্থা করা হবে।

## ৪.৮ গ্রামীণ গৃহায়ন

দেশের জনগণের সিংহভাগ গ্রামাঞ্চলে বাস করে। গ্রাম এবং নগর এলাকা অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগতভাবে পরস্পর নির্ভরশীল। উপরন্তু খাদ্যনিরাপত্তা এবং পরিবেশ ও সম্পদ সংরক্ষণে গ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সে কারণে গ্রামীণ গৃহায়নের গ্রাম বিষয়টি বিশেষভাবে বিবেচ্য।

- ৪.৮.১ উন্নয়ন প্রকল্পের জন্য জরুরি ও জনকল্যাণকর প্রয়োজন ছাড়া জনগণকে বাস্তবায়িত করা হবে না। অপরিহার্য ক্ষেত্রে অধিগ্রহণ করা জমির ক্ষতিগ্রস্তদের সঙ্গে স্থানীয় পর্যায়ে আলোচনার মাধ্যমে তাদের সার্বিক পুনর্বাসন পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন করা হবে।
- ৪.৮.২ কৃষিজমির উপর ঘরবাড়ি নির্মাণের প্রবণতা নিরুৎসাহিত করা হবে। প্রয়োজনে প্রাসঙ্গিক আইন প্রণয়ন করে এ প্রবণতা নিয়ন্ত্রণে আনা হবে। গ্রামাঞ্চলে পরিকল্পিত নিবিড় আবাসন সৃষ্টিতে উৎসাহ ও নির্দেশনা দেয়া হবে। গ্রামীণ গৃহায়নের জন্য খাস জমির প্রাপ্যতা সাপেক্ষে 'গুচ্ছ গ্রাম' ও 'আশ্রয়ন' কর্মসূচির অনুরূপ কার্যক্রমের বিস্তার ঘটানো হবে।
- ৪.৮.৩ বিদ্যমান ও নতুন বসতিসমূহের মৌলিক সেবা অবকাঠামোসমূহ যথা: পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত নিষ্কাশন ব্যবস্থা, বিদ্যুৎ, রাস্তা ইত্যাদি এবং মৌলিক সামাজিক সুবিধাদি যেমন: বিদ্যালয়, খেলার মাঠ, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি পরিকল্পিত ও সমন্বিতভাবে গড়ে তোলা হবে।

4.7.3 When it considered being inevitable to replace and rehabilitate a slum or similar settlements, then the local authority will prepare a detailed guideline for resettlement and rehabilitation. This guideline will have specific instructions on resettlement of slums or settlements, identification of alternative location, arrangement of services, work place, and transportation facilities. The process of resettlement of all slums and informal settlements will be implemented according to the adopted guideline, which would reduce the degree of loss and it would provide the opportunity to arrange subsidy.

4.7.4 Measures can be taken for incremental construction/transformation and gradual up-gradation of all prevailing slums towards progressive improvement of infrastructure.

4.7.5 In case of rehabilitation of slum dwellers, feasibility of application of cross subsidy type of strategic approach would be studied in order to meet the minimum basic needs during housing development.

## **4.8 Rural Housing**

Major share of population of Bangladesh lives in rural areas. Rural and urban areas are dependent on each other in terms of economy, social and environmental perspectives. On top of it, rural areas play significant role in case of food security and conservation of environment and resources. For this reason, rural context is a special criterion of consideration in case of rural housing.

4.8.1 People should not be displaced from their homestead, except emergency need for development projects and public welfare. In case of unavoidable circumstances, comprehensive rehabilitation plan and its implementation will be done through local level consultation with the affected people of acquired land.

4.8.2 The propensity of constructing houses on agricultural land will be discouraged. If needed, through enactment of relevant legal act such tendency will be controlled. Encouragement and guidance will be given for planned, compact housing development in rural areas. Depending of availability of government owned land (*Kash Land*), programs for expansion of projects like '*Guchho Gram*' (Cluster Village) and '*Asrayon*' will be undertaken.

4.8.3 Basic service infrastructures such as water supply, hygienic drainage system, electricity, road etc and basic social facilities like school, play ground, health complex etc will be developed in a planned and coordinated manner in the existing and new settlements.

- ৪.৮.৪ পল্লী অঞ্চলের আবাসন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন, অর্থের যোগান নিশ্চিতকরণ/পর্যবেক্ষণ, তদারকি ও বাস্তবায়ন সংক্রান্ত সার্বিক দায়িত্ব পালনের লক্ষ্যে স্থানীয় পর্যায়ে সংগঠনগুলোকে শক্তিশালী করাসহ উপযুক্ত প্রাথমিক কাঠামো, জনবল ও সম্পদ সৃষ্টি করা হবে। এসব প্রক্রিয়ায় ভোক্তা, বেসরকারি সংগঠন এবং অন্যান্যদের অংশগ্রহণের সুবিধাসহ অত্যন্ত দরিদ্র বিশেষ করে মহিলা ও দুঃস্থ জনগণের প্রয়োজন এবং চাহিদার দিকে বিশেষ দৃষ্টি দেয়া হবে। গৃহায়ণের জন্য ভূমি ও অবকাঠামো উন্নয়ন এবং সার্বিকভাবে গ্রামীণ ঘরবাড়ির মান উন্নয়নকে সম্পদ ও কর্মসংস্থান সৃষ্টির কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত করা হবে।
- ৪.৮.৫ গ্রামীণ জনগণের গৃহনির্মাণ, মেরামত, পরিবর্তন, পরিবর্ধন ও গৃহসংক্রান্ত অন্যান্য প্রয়োজনে বিনা সুদে বা সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা হবে।
- ৪.৮.৬ গ্রামীণ ভূমি ব্যাংক গঠনের মাধ্যমে প্রাপ্ত সরকারি জমিতে নদী ভাঙন ও অন্যান্য দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে।
- ৪.৮.৭ আবাসন ব্যবস্থার উন্নয়ন ও প্রসারের জন্য ঋণ দান ও লাগসই প্রযুক্তি বিস্তারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
- ৪.৮.৮ অধিকহারে আবাসন ব্যবস্থা গ্রহণে আর্থিক সামর্থ্য অর্জনে সহযোগিতা করার লক্ষ্যে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও আয়বৃদ্ধির জন্য প্রকল্প প্রণয়নের উদ্যোগ নেয়া হবে।
- ৪.৮.৯ বাড়িঘর নির্মাণের জন্য ভূমি ও অবকাঠামো উন্নয়ন এবং সার্বিকভাবে গ্রামীণ ঘরবাড়ীর মান উন্নয়নকে সম্পদ ও কর্মসংস্থান সৃষ্টির অন্যান্য কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত করা হবে।
- ৪.৮.১০ লাগসই প্রযুক্তি, পরিবেশবান্ধব সামগ্রী উৎপাদন, বাজারজাতকরণ ও ব্যবহার, স্বাস্থ্যসম্মত গৃহায়ন ও পরিবেশ উন্নয়ন ইত্যাদি বিষয়ে এনজিও, এলাকাভিত্তিক বেসরকারি সংস্থা, মাঠকর্মী ও সংশ্লিষ্ট ব্যক্তিদের জ্ঞান ও সার্মথ্যবৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রচার, তথ্য পুস্তিকা সরবরাহ এবং কর্মশালার আয়োজন করা হবে।
- ৪.৮.১১ সামগ্রিকভাবে পরিবেশ উন্নতকরণ, শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থার প্রসার এবং অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধির মাধ্যমে অধিক বিনিয়োগের সুযোগ সৃষ্টি করে গ্রামীণ জনগণের গৃহায়ন-সার্মথ্য বৃদ্ধি করা হবে।
- ৪.৮.১২. স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে সকল গৃহায়ন প্রকল্প বাস্তবায়ন করা হবে।



4.8.4 In addition to strengthening local level organisations, suitable primary infrastructure, human resources, and the fund will be created with the aim to perform entire responsibility regarding plan preparation, ensuring a supply of funds, inspection, supervision, and activities related to the implementation of housing in rural areas. With the conveniences of participation of beneficiaries, private organisations and others in this process, special attention will be given to the need and demand of extreme poor particularly women and distress people. Land and infrastructure development for housing and upgrading of the standard of entire rural housing would be integrated with the programmes of resource and employment generation.

4.8.5 Measures will be taken to provide interest-free or soft loan for the house construction, repair, renovation, expansion and for other needs related to the housing of rural people.

4.8.6 Affected people due to river erosion and other disasters will be rehabilitated in the government land obtained through the establishment of the rural land bank.

4.8.7 Necessary actions will be undertaken for the expansion of loan schemes and appropriate technology towards the development and growth of the housing system.

4.8.8 Programs will be adopted to create employment opportunities and income generation with the aim to provide monetary support to undertake more housing programs.

